কিস্তি! কিস্তি!! কিস্তি!!!
minister
টাকা ছাড়াই পণ্য নিন
মাসে মাসে কিস্তি দিন
এসি, ফ্রিজ ও এলইডি টিভিতে চলছে
0% ডাউন পেমেন্টে সহজ কিস্তি সুবিধা
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক
# এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com
সোমবার
বর্ষ ৩২ ॥ সংখ্যা ১৩৭ ॥ রেজি:নং- কেএন ২৮৯ ॥ ১৫ জ্যৈষ্ঠ ১৪৩০ ॥ ০৮ জিলকদ ১৪৪৪ হিজরী ॥ পৃষ্ঠা-৪ ॥ মূল্য ৫ টাকা
২৯ মে ২০২৩


minister Refrigerator
ঈদ সালামি
নিশ্চিত ক্যাশ ভাউচার ও পণ্য ফ্রি!
M-600-6D (450 L) ১৪৩,০১১
৳৭৫,৮১০
*শর্ত প্রযোজ্য বিস্তারিত: 09606 700700



## বিদেশিরা আমাদের বন্ধু, নিষেধাজ্ঞা নিয়ে মাথাব্যথা নেই

**নিজস্ব প্রতিবেদক :** আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বলেছেন, যেকোনো দুর্যোগে দেশের মানুষের পাশে আওয়ামী লীগ ছিল এবং অবদান রেখেছে। সংকটের মধ্যেও দেশ এগিয়ে গেছে যা বিশ্বনেতারা তাদের ২-এর পাতায় দেখুন



## নতুন মার্কিন ভিসা নীতিতে অগ্নিসংযোগ বন্ধ হবে

**নিজস্ব প্রতিবেদক :** পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেন আজ আশা প্রকাশ করে বলেছেন, নতুন মার্কিন ভিসা নীতি আসন্ন সাধারণ নির্বাচনকে কেন্দ্র করে বাংলাদেশে অগ্নিসংযোগ ও সহিংসতা বন্ধ করবে। নগরীতে আন্তর্জাতিক ২-এর পাতায় দেখুন



## গাজীপুরের নির্বাচনে সবার ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে

**স্টাফ রিপোর্টার :** গাজীপুর সিটি করপোরেশন নির্বাচনের মাধ্যমে সবার ভাবমূর্তি উজ্জ্বল হয়েছে বলে দাবি করেছেন নির্বাচন কমিশনার মো. আলমগীর। সাংবাদিকদের প্রশ্নের জবাবে মো. আলমগীর বলেন, আমি মনে করি সবার ভাবমূর্তি উজ্জ্বল ২-এর পাতায় দেখুন



## বঙ্গবন্ধুর নামে শান্তি পুরস্কার প্রবর্তনের ঘোষণা প্রধানমন্ত্রীর

**নিজস্ব প্রতিবেদক :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে শান্তি পুরস্কার প্রবর্তন করার ঘোষণা দিয়েছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

তিনি বলেন, তিনি শান্তির বাণী শুনিয়েছেন, কিন্তু নিজেকে জীবন দিতে হয়েছে। আমরা কোনো অশান্তি চাই না।

গতকাল রোববার জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদকপ্রাপ্তির ৫০ বছর পূর্তি উদ্‌যাপনের আলোচনা অনুষ্ঠানে বক্তব্য দেন তিনি। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। শেখ হাসিনা বলেন, 'দেশের বিভিন্ন খাতে শান্তি প্রতিষ্ঠায় যারা কাজ করবেন, ২-এর পাতায় দেখুন

# বাংলাদেশ সংঘাত চায় না : প্রধানমন্ত্রী

**নিজস্ব প্রতিবেদক :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশ আর কোনো সংঘাত চায় না, বরং জনগণের জীবনযাত্রার মানের উন্নতি চায়।

তিনি বলেন, 'আমরা আর কোনো অশান্তি, সংঘাত চাই না। আমরা মানুষের জীবনকে উন্নত করতে চাই এবং আমরা সর্বদা এটি কামনা করি।'

এ প্রসঙ্গে শেখ হাসিনা বলেন, ২০০৮ সালের নির্বাচন থেকে দেশে বিরাজমান শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশ গত ১৪ বছরে বাংলাদেশকে উল্লেখযোগ্য আর্থ-সামাজিক উন্নয়নে সহায়তা করেছে।

তিনি বলেন, '২০০৮ সালের নির্বাচনে আওয়মী লীগ জয়ী হয়ে ২০০৯ সালে সরকার গঠন থেকে অব্যাহত শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশের কারণে বাংলাদেশ আর্থ-সামাজিক উন্নয়নে সক্ষম হয়েছে।'

আজ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ



মুজিবুর রহমানকে জুলিও কুরি শান্তি পদক প্রদানের সুবর্ণ জয়ন্তী উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রী এ মন্তব্য করেন।

তিনি বলেন, সরকার ২০০৮ সালের ভোটে নির্বাচিত হওয়ার পর পরিকল্পিতভাবে দেশের মানুষের উন্নয়নে কাজ করে যাচ্ছে।

তিনি বলেন, 'এর ফলে, আমরা দারিদ্র্যের হার এবং মাতৃমৃত্যু হ্রাস করতে, শিক্ষার হার এবং মানুষের গড় আয়ু বাড়াতে সক্ষম হয়েছি।'

তিনি বলেন, দেশে বিরাজমান টেকসই ও শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশই বাংলাদেশের অভূতপূর্ব আর্থ-সামাজিক অগ্রগতির একমাত্র কারণ। প্রধানমন্ত্রী বলেন, ' একটি শান্তিপূর্ণ টেকসই পরিবেশ জনগণের অর্থনৈতিক মুক্তি অর্জনে সহায়ক এবং সকলকে এটি মনে ২-এর পাতায় দেখুন

# পুলিশকে আরও জনবান্ধব হওয়ার নির্দেশ দিলেন রাষ্ট্রপতি

**নিজস্ব প্রতিবেদক :** রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বাংলাদেশ পুলিশের প্রতিটি সদস্যকে তাদের কার্যক্রমে আরও জনবান্ধব হওয়ার নির্দেশ দিয়েছেন। রোববার (২৮ মে) দুপুরে বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শক চৌধুরী আবদুল্লাহ আল মামুন বঙ্গভবনে রাষ্ট্রপতির সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করতে গেলে তিনি এ নির্দেশনা দেন।

বৈঠক শেষে প্রেস সচিব মো. জয়নাল আবেদীন রাষ্ট্রপতির বরাত দিয়ে জানান, 'পুলিশ সদস্যদের কাজ যাতে জনবান্ধব হয় সেদিকে খেয়াল রাখতে হবে।' রাষ্ট্রপতি বলেন, ২-এর পাতায় দেখুন



# শৈলকুপার খুলুমবাড়ীযা গ্রামে মহানামযজ্ঞ অনুষ্ঠান পরিদর্শন করলেন আব্দুল হাই এমপি

সাগর,হাকিমপুর শৈলকুপাঃ ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার হাকিমপুর ইউনিয়নে খুলুমবাড়ীয়া গ্রামের মহানাম যজ্ঞ অনুষ্ঠান পরিদর্শন করেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। রবিবার বিকেলে স্থানীয় আওয়ামী লীগ ও উপজেলা আওয়ামীলীগ জেলা আওয়ামী লীগ এর নেতৃবৃন্দের সেখানে যান। এসময় উপস্থিত ছিলেন, উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, মনোহরপুর ইউনিয়নের



চেয়ারম্যান জাহিদুল ইসলাম জাহিদ, বগুড়া ইউনিযনের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, ধলহরাচন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, নিত্যানন্দপুর ইউনিয়নের ২-এর পাতায় দেখুন

## কোটচাঁদপুরে দুর্বৃত্তদের ফেলে যাওয়া বোমা বিস্ফোরণে ৩ শিশু আহত

**ঝিনাইদহ প্রতিনিধি :** ঝিনাইদহের কোটচাঁদপুর উপজেলার তালসার বাজার পাড়ায় চাঁদার দাবিতে দুর্বৃত্তদের রেখে যাওয়া ফেলে যাওয়া বোমার বিস্ফোরণে ৩ শিশু আহত হয়েছে।

রোববার বিকাল সাড়ে ৫ টার দিকে এ ঘটনা ঘটে। আহতরা হলো- ওই এলাকার ইসাহাক আলী পাঠানের ছেলে আব্দুল আজিজ বন্ধন (৯), মেয়ে জুথি ও তার ৯ মাস বয়সী নাতি খালিদ। এর মধ্যে বন্ধনকে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়েছে। অন্যদুই জনকে স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে।

ইসাহাক ২-এর পাতায় দেখুন

# ঝিনাইদহের ভূমি সেবা সপ্তাহে খুলনা বিভাগীয় কমিশনার




**নিজস্ব প্রতিবেদক :** খুলনা বিভাগীয় কমিশনার চৌধুরী জিল্লুর রহমান চৌধুরী গত পরশু ঝিনাইদহ জেলা সফর করেন। সফরকালে তিনি ভূমি সেবা সপ্তাহ- ২০২৩ উদযাপন উপলক্ষ্যে ঝিনাইদহ জেলার রাজস্ব প্রশাসনে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদের সাথে মতবিনিময় সভায় প্রধান অতিথির আসন অলংকৃত করেন।

সভায় সভাপতিত্ব করেন ঝিনাইদহ জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট এস. এম. রফিকুল ইসলাম নোমান।

জেলা প্রশাসনের উর্ধ্বতন কর্মকর্তারা এ সময় উপস্থিত ছিলেন।

## কৃষকদের ৩৩ কোটি টাকার প্রণোদনা দেবে সরকার

**নিজস্ব প্রতিবেদক :** এ বছর আমনের আবাদ ও উৎপাদন বাড়াতে চার লাখ ৯০ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ৩৩ কোটি ২০ লাখ টাকার প্রণোদনা দেবে সরকার। রবিবার কৃষি মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

কৃষি মন্ত্রণালয় জানায়, এ বছর আমনের আবাদ ও উৎপাদন বাড়াতে ৩৩ কোটি ২০ লাখ টাকার প্রণোদনা দেওয়া হবে। সারা দেশের চার লাখ ৯০ হাজার ক্ষুদ্র ও প্রান্তিক কৃষক এ প্রণোদনার আওতায় বিনামূল্যে বীজ ও সার পাবেন।

এ প্রণোদনার আওতায় একজন কৃষক এক বিঘা জমিতে চাষের জন্য রোপা ২-এর পাতায় দেখুন



## ঝিনাইদহে বঙ্গবন্ধুর জুলি ও কুরি শান্তির পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে বঙ্গবন্ধুর জুলিও কুরি শান্তির পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন করেছে। রোববার ঝিনাইদহ জেলা শিল্পকলা অডিটোরিয়ামে আলোচনা সভা ও রক্তদান অনুষ্ঠানের আয়োজন করে জেলা প্রশাসন। অনুষ্ঠানের শুরুতে বঙ্গবন্ধুর ২-এর পাতায় দেখুন

## নিজের রাজনৈতিক উত্তরসূরীর নাম ঘোষণা করলেন ইমরান খান

**আন্তর্জাতিক ডেস্ক :** আদালত যদি পিটিআই প্রধান ইমরান খানকে অযোগ্য ঘোষণা করে সেক্ষেত্রে দলের প্রধান কে হবেন তা নির্ধারন করে দিয়েছেন তিনি। শনিবার লাহোরের জামান পার্কের বাড়িতে সাংবাদিক ও আইনজীবীদের সঙ্গে এক বৈঠকে নিজের রাজনৈতিক উত্তরাধিকারীর নাম ঘোষণা করেন খান। তিনি বলেন, যদি আমি অযোগ্য ঘোষিত হই, তাহলে শাহ মেহমুদ কুরেশি এই দলের নেতৃত্ব দেবেন। এ খবর দিয়েছে জিও টিভি। খবরে জানানো হয়, এমন সময় ইমরান খান এই বিবৃতিটি দিলেন যখন তার বিরুদ্ধে দুর্নীতি থেকে শুরু করে সন্ত্রাসবাদ পর্যন্ত শতাধিক ২-এর পাতায় দেখুন

# চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু জুলি ও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন

**নিজস্ব প্রতিবেদক :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের 'জুলিও কুরি' শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ , চুয়াডাঙ্গায় এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন




চুয়াডাঙ্গা, আব্দুল্লাহ আল মামুন, পুলিশ সুপার, চুয়াডাঙ্গা। তথ্যবহুল বক্তব্য প্রদান করেন বীর মুক্তিযোদ্ধা নুরুল ইসলাম মালিক ও বিশিষ্ট শিক্ষাবিদ প্রফেসর সিদ্দিকুর রহমান মহোদয়। উক্ত আলোচনা সভায় মূল আলোচক হিসেবে বক্তব্য রাখেন জনাব ড.

মোহাম্মদ আমিনুল ইসলাম খান, জেলা প্রশাসক, চুয়াডাঙ্গা।বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মাহফুজুর রহমান মনজু, চেয়ারম্যান, জেলা পরিষদ, মো: আব্দুর রশীদ, সহকারী অধ্যাপক, আদর্শ সরকারি মহিলা কলেজ, চুয়াডাঙ্গা মহোদয়। আলোচনা সভায় সভাপতিত্ব করেন মো: নাজমুল ২-এর পাতায় দেখুন



নিজস্ব প্রতিবেদক : হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলি ও কুরি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে বিশেষ অনুষ্ঠানের আনন্দঘন মুহূর্তের এক পর্যায়ে মন্ত্রী পরিষদ সচিব মাহবুব হোসাইন এর সঙ্গে মিনিস্টার মাইওয়ান গ্রুপের চেয়ারম্যান, এফবিসিসিআই ভাইস প্রেসিডেন্ট, বাংলাদেশ আওয়ামীলীগের কেন্দ্রীয় অর্থ ও পরিকল্পনা উপকমিটির সদস্য এম এ রাজ্জাক খান রাজ।



গোল্ডেন লাইফ ইন্সুরেন্স কোম্পানির উপদেষ্টা এম. তৌহিদুল আলম মহোদয়ের হাত থেকে বিভাগীয় ডিএমডি (আই ডিপিএস প্রকয়ল্প) পদে নিয়োগপত্র গ্রহণ করছেন আলাউদ্দিন আল আজাদ। এ সময় কোম্পানীর মুখ্য নির্বাহী কর্মকর্তা আমজাদ হোসেন খান চৌধুরী , অতিরিক্ত ব্যবস্থাপনা পরিচালক সুমলকান্তি দাস সহ আই ডি পি এস প্রকল্পের পরিচালক আল আমিন চৌধুরী উপস্থিত ছিলেন।



## শৈলকুপা অফিসার্স ক্লাবের ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন আব্দুল হাই এমপি

চঞ্চল মাহমুদ, শৈলকুপা : ঝিনাইদহ জেলার শৈলকুপা উপজেলার অফিসার্স ক্লাব শৈলকুপা এর ভিত্তিপ্রস্তর স্থাপন করেছেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। রবিবার উপজেলা চত্বরে এ ভিত্তিপ্রস্তর করেনতিনি। উপজেলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ২-এর পাতায় দেখুন

বঙ্গবন্ধুর সৈনিক, শেখ হাসিনার আস্থাভাজন



ঝিনাইদহ-১ শৈলকুপা আসন থেকে বার বার নির্বাচিত সংসদ সদস্য, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি, সাবেক প্রতিমন্ত্রী, বীর মুক্তিযোদ্ধা

মোঃ আব্দুল হাই এমপি'র নেতৃত্বে

১৯৯২ সালের ১ জানুয়ারি থেকে প্রকাশিত

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

এখন নতুন আঙ্গিকে

সম্পাদকমন্ডলীর সম্মানিত সভাপতির গুরুদায়িত্ব নিয়ে তিনি আমাদের গৌরবান্বিত করেছেন এবং ভারপ্রাপ্ত সম্পাদক হিসেবে নিরলস শ্রম দিচ্ছেন

তানভীর হাসান (জিসান হাই)

নিয়মিত দৈনিক এই আমার দেশ পড়ুন, দেশকে ভালোবাসুন।




হরিণাকুণ্ড উপজেলা স্বেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত

## সভাপতি রাফেদূল হক সুমন সাধারন সম্পাদক রুবেল রানা

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের ত্রি-বার্ষিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকালে হরিণাকুণ্ডু উপজেলা মাঠে সম্মেলনের উদ্বোধন করেন জেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক আহাদুর রহমান খোকন। সম্মেলনে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন আওয়ামী স্বেচ্ছাসেবক ২-এর পাতায় দেখুন

# কালীগঞ্জ হাসপাতালকে ১'শ শর্য্যায় উন্নিতের চেষ্টা করা হবে : এমপি আনার

বাদশা ফরহাদ,কালীগঞ্জঃ ঝিনাইদহ-৪ আসনের এমপি আনোয়ারুল আজিম আনার বলেছেন, জনবহুল কালীগঞ্জ উপজেলার গন মানুষের স্বাস্থ্য সেবার জন্য একটি ১'শ শর্য্যার হাসপাতাল প্রয়োজন। তিনি কালীগঞ্জের বর্তমান ৫০ শর্য্যার হাসপাতালটি ১'শ শর্য্যায় রুপান্তর করতে জোর চেষ্টা চালাবেন। তিনি আরো বলেন, বর্তমান সরকার শহর ও গ্রামাঞ্চলের অসহায় সাধারন মানুষের স্বাস্থ্য সেবা নিশ্চিতে কাজ করে চলেছে। এজন্য সরকারী হাসপাতাল গুলোতে আগত সাধারন মানুষকে উন্নত সেবা প্রদানে ডাক্তারদের আন্তরিকতার সাথে




দ্বায়িত্ব পালন করতে হবে। তিনি রোববার বেলা ১২ টায় কালীগঞ্জ উপজেলা ২-এর পাতায় দেখুন

১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত

# দৈনিক এই আমার দেশ

Daily Eai Amar Desh e-paper.eaiamardesh.com www.eaiamardesh.com

সোমবার ২৯ মে ২০২৩

# নির্বাচনের রাজনীতিতে নতুন শক্তি 'হাতপাখা'




**নিজস্ব প্রতিবেদক :** ইসলামী আন্দোলন যার নির্বাচনী প্রতীক হাতপাখা। গত দুই বছরে আস্তে আস্তে নির্বাচনের রাজনীতিতে এই প্রতীকটি এবং দক্ষিণপন্থী রাজনৈতিক দলটি নতুন শক্তি হিসেবে আবির্ভূত হয়েছে। গত দুই বছরের নির্বাচনগুলো পর্যালোচনা করলে দেখা যায় অধিকাংশ স্থানেই হাতপাখা প্রতীক নিয়ে ইসলামী আন্দোলন হয় তৃতীয় না হলে চতুর্থ হয়েছে। গড় ভোট পেয়েছে ২০ হাজারের কাছাকাছি। গাজীপুর সিটি করপোরেশনের নির্বাচনে হাতপাখা প্রতীক নিয়ে ইসলামী আন্দোলনের প্রার্থী তৃতীয় হয়েছেন। ভোট পেয়েছেন ৪০ হাজারের বেশি। এটি রাজনীতিতে একটি নতুন মেরুকরণ বলে মনে করা হচ্ছে। শুধু তাই নয় বরিশাল সিটি করপোরেশন নির্বাচনে আওয়ামী লীগের প্রার্থী খোকন সেরনিয়াবাত এর প্রধান প্রতিদ্বন্দ্বী হাতপাখা। সেখানে ইসলামী আন্দোলনের দ্বিতীয় ব্যক্তি হিসেবে পরিচিত ইসলামী আন্দোলনের মূল নেতা মুফতি সৈয়দ ফয়জুল করিম প্রার্থী হয়েছেন। এই নির্বাচনে আওয়ামী লীগের ভরাডুবি হলেও অবাক হবার কিছু হবে না বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা।

আস্তে আস্তে ইসলামী আন্দোলন নির্বাচনে রাজনীতিতে একটি বড় শক্তি হিসেবে আবির্ভূত হয়েছে। চরমোনাইয়ের পীর কেন্দ্রিক এই রাজনৈতিক দলটি ইসলামপন্থী রাজনৈতিক দল এবং জামাত বিরোধী হিসেবে পরিচিত। আর আগামী জাতীয় সংসদ নির্বাচনে ইসলামী দলগুলো ২-এর পাতায় দেখুন

## পাকিস্তানে শক্তিশালী ভূমিকম্প, কাঁপলো ভারতও

**নিজস্ব প্রতিবেদক :** পাকিস্তানে শক্তিশালী ভূমিকম্প আঘাত হেনেছে। রিখটার স্কেলের মাত্রা ছিল ৬। রোববার (২৮ মে) সকালে আঘাত হানা এই ভূমিকম্পে কেঁপে ওঠে পাকিস্তানের বেশ কিছু অঞ্চল। এছাড়া কম্পন অনুভূত হয়েছে ভারতের রাজধানী দিল্লিসহ বেশ কয়েকটি অঞ্চলেও।

রোববার সকালে পৃথক দুটি প্রতিবেদনে এই তথ্য জানিয়েছে পাকিস্তানি সংবাদমাধ্যম দ্য ডন এবং ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি।

দ্য ডনের প্রতিবেদনে বলা হয়েছে, রোববার সকালে আঘাত হানা ভূমিকম্পের জেরে পাকিস্তানের বেশ কিছু অংশ কেঁপে ওঠে। পাকিস্তান আবহাওয়া অধিদপ্তরের (পিএমডি) তথ্য অনুসারে, রিখটার স্কেলে এই ভূমিকম্পের মাত্রা ছিল ৬ এবং এর কেন্দ্রস্থল ছিল আফগানিস্তান-তাজিকিস্তান সীমান্ত অঞ্চল।

এক বিবৃতিতে পাকিস্তান আবহাওয়া অধিদপ্তর বলেছে, রোববার সকাল ১০টা ৫০ মিনিটে ভূমিকম্পটি ঘটে এবং এটি ভূপৃষ্ঠ থেকে ২২৩ কিলোমিটার গভীরে আঘাত হানে।

দ্য ডনের প্রতিবেদনে আরও বলা হয়েছে, খাইবার পাখতুনখাওয়ার কয়েকটি জেলায় কম্পন অনুভূত হয়েছে। রাজধানী ইসলামাবাদ এবং পার্শ্ববর্তী রাওয়ালপিন্ডিতেও কম্পন অনুভূত হয়েছে। খাইবার পাখতুনখাওয়ার প্রাদেশিক দুর্যোগ ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বলেছে, প্রদেশের বিভিন্ন অংশে কম্পন অনুভূত হয়েছে।

# নির্বাচনে যেতে বিএনপির ১০ শর্ত



**নিজস্ব প্রতিবেদক :** আগামী জাতীয় সংসদ নির্বাচন নিয়ে একটি সমঝোতার চেষ্টা চলছে। রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন এই সমঝোতার অংশ হিসেবেই মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশে নতুন ভিসা নীতি গ্রহণ করেছে। ভিসা নীতি ঘোষণার পরপরই প্রধান তিনটি রাজনৈতিক দলকে মার্কিন দূতাবাসে আমন্ত্রণ জানানো হয় এবং তাদের সাথে নতুন ভিসা নীতি এবং আগামী নির্বাচন নিয়ে আলাপ আলোচনা করা হয়।

মার্কিন যুক্তরাষ্ট্র বাংলাদেশের আগামী জাতীয় সংসদ নির্বাচন যেন অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ এবং অংশগ্রহণমূলক হয় সেজন্য কাজ করে যাচ্ছে। বিভিন্ন অংশীজনের সঙ্গে নিয়মিত বৈঠক এবং আলাপ-আলোচনা করছে। সেই বৈঠক এবং আলাপ আলোচনার মধ্যে নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের বাইরে গিয়ে একটি সমঝোতা প্রস্তাব এর চেষ্টা করা হচ্ছে। সেই সমঝোতার প্রস্তাবে বিএনপির পক্ষ থেকে অবাধ-সুষ্ঠু-নিরপেক্ষ নির্বাচনের পথে কিছু বাধা এবং অন্তরায় এর কথা বলা হচ্ছে। বিএনপির পক্ষ থেকে বলা হচ্ছে যে দশটি প্রতিবন্ধকতা দূর করতে পারলে নির্বাচন সুষ্ঠু হবে। তত্ত্বাবধায়ক সরকারের দাবি যদি নাও মানা হয় তাহলে বিএনপি তাদের এই দশ দফা দাবি যদি অর্জিত হয় তাহলে নির্বাচন সুষ্ঠু হতে ২-এর পাতায় দেখুন

## কালীগঞ্জে পানিতে ডুবে শিশুর মৃত্যু

**কালীগঞ্জ প্রতিনিধি :** খেলতে খেলতে বাড়ীর পাশেই ডোবার গর্তে পড়ে ইব্রাহিম নামে দেড় বছরের এক শিশুর করুন মৃত্যু হয়েছে। রোববার বেলা সাড়ে ১১ টার দিকে ঝিনাইদহের কালীগঞ্জ উপজেলার চাপালী গ্রামে এ ঘটনা ঘটে। নিহত শিশু ওই গ্রামের ঝন্টু সর্দ্দারের ছেলে।

শিশুটির চাচা মনিরুল ইসলাম জানায়, বেলা ১১ টার দিকে বাড়ির পাশেই খেলা করছিল শিশুটি। এক পর্যায়ে খেলতে খেলতে বাড়ীর পেছনে এসে ছোট্ট একটি ডোবার গর্তের মধ্যে পড়ে যায়। এরই কিছু সময় পর পরিবারের লোকজন শিশু ইব্রাহিমকে বাড়িতে না দেখতে পেয়ে খুঁজতে থাকে। এরপর বাড়ির পেছনে ওই ডোবা থেকে শিশুটিকে উদ্ধার করে। মুমুর্ষ অবস্থায় শিশুটিকে কালীগঞ্জ উপজেলা স্বাস্থ্য ২-এর পাতায় দেখুন

## সাতকানিয়ায় ছাত্র ধর্ষণ মামলায় শিক্ষক গ্রেফতার

**নিজস্ব প্রতিবেদক :** চট্টগ্রামের সাতকানিয়ায় ১২ বছরের এক মাদ্রাসাছাত্রকে ধর্ষণের অভিযোগ উঠেছে। এ ঘটনায় জড়িত থাকার অভিযোগে ওই মাদ্রাসার শিক্ষককে (১৯) গ্রেপ্তার করেছে পুলিশ। গতকাল শনিবার রাতে তাঁকে গ্রেপ্তার করা হয়। আটক শিক্ষের বাড়ি চট্টগ্রামের লোহাগাড়া ২-এর পাতায় দেখুন



## বঙ্গবন্ধুর "জুলি ও কুরি" শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে শৈলকুপায় আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান

**চঞ্চল মাহমুদ, শৈলকুপা :** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের "জুলিও কুরি" শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উদযাপন উপলক্ষে আলোচনা সভা ও পুরষ্কার বিতরণী অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকালে অডিটোরিয়ামে উপজলা নির্বাহী অফিসার রাজিয়া আক্তার চৌধুরীর সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন ২-এর পাতায় দেখুন

## সাক্ষী হাজির করতে না পারায় এক দিন পেছাল তারেক-জোবায়দার মামলায় সাক্ষ্যগ্রহণ

**নিজস্ব প্রতিবেদক :** অবৈধ সম্পদ অর্জনে দুদকের মামলায় বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবায়দা রহমান অবৈধ সম্পদের মামলার সাক্ষ্যগ্রহণ হয়নি। কোনো সাক্ষীকে হাজির করতে না পারায় শুনানি সোমবার দিন ধার্য করেছে আদালত।

ঢাকা মহানগর সিনিয়র স্পেশাল জজ আদালতের বিচারক মো. আসাদুজ্জামান রবিবার এ আদেশ দেন।

এদিন দুদকের পাবলিক প্রসিকিউটর মোশাররফ হোসেন কাজল কোনো সাক্ষীকে আদালতে হাজির করতে পারেননি।

অন্যদিকে আভিযোগপত্রে উল্লেখ করা চার সাক্ষী ঢাকা ব্যাংকের সাবেক ২-এর পাতায় দেখুন

# কালীগঞ্জে মসজিদ, মন্দির ও শশ্মানে সাংসদের আর্থিক সহায়তা প্রদান



**কালীগঞ্জ প্রতিনিধি :** ঝিনাইদহের কালীগঞ্জে মসজিদ, মন্দির ও শশ্মানের সংস্কারের জন্য ঝিনাইদহ-৪ আসনের সংসদ সদস্য আনোয়ারুল আজীম আনারের বিশেষ বরাদ্দ থেকে উপহার হিসেবে আর্থিক সহায়তা প্রদান করা হয়েছে।

শনিবার (২৭ মে-২৩) রাত সাড়ে ৯ টায় ভূষন রোডের উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে সংশ্লিষ্ট মসজিদ ও মন্দিরের দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গের উপস্থিতিতে উপজেলার সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়নের আলাইপুর পুরাতন জামে মসজিদ, মোল্লাডাঙ্গা উত্তরপাড়া জামে মসজিদ, কাষ্টভাঙ্গা শ্মশান সংস্কার সহ ১১ টি ইউনিয়নের বিভিন্ন মসজিদ, মন্দির, শিক্ষা প্রতিষ্ঠানে এমপি আনোয়ারুল আজীম আনারের বিশেষ বরাদ্দের টাকা তিনি নিজ হাতে প্রদান করেন।

এ সময় এমপি আনার বলেন, প্রধানমন্ত্রীর একান্ত প্রচেষ্টায় বাংলাদেশ এগিয়ে চলেছে দুর্বার গতিতে। উন্নয়নের ছোয়া পেয়েছে প্রত্যন্ত অঞ্চলেও। এরই ধারাবাহিকতায় আপনাদের মসজিদ ও মন্দিরে আর্থিক সহায়তা প্রদান করা হচ্ছে। আপনারা সকলেই মাননীয় প্রধানমন্ত্রী সহ তার পরিবারের সকলের সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করবেন। এ সময় উপস্থিত ২-এর পাতায় দেখুন




## গাংনীতে ছাত্রলীগের বিক্ষাভে মিছিল অনুষ্ঠিত

**গাংনী প্রতিনিধি:** বিএনপি-জামায়াতের নৈরাজ্যের প্রতিবাদে মেহেরপুরের গাংনীতে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে গাংনী উপজেলা শহরের প্রধান প্রধান সড়কে বিক্ষোভ মিছিল অনুষ্ঠিত হয়। মিছিলে নেতৃত্ব প্রদান করেন রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ডাক্তার এ,এস,এম নাজমুল হক সাগর। এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা ও গাংনী উপজেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ। ২-এর পাতায় দেখুন

# মানবিক নেতার মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করলেন এ্যাড: মো : আব্দুর রশীদ



**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহে মানবিক নেতার মানবিকতার দৃষ্টান্ত স্থাপন করলেন ঝিনাইদহ সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও **বীর মুক্তিযোদ্ধা** এ্যাড: মো: আব্দুর রশীদ। রোববার পাগলাকানাই সড়কে সদর উপজেলা কৃষক লীগ এর মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। নিবেদিত অসুস্থ কর্মী সাবেক মেম্বার ও কৃষকলীগের নেতা ও মহারাজপুর ইউনিয়নের কুলফাডাঙ্গা গ্রামের হারুন অসুস্থ ছিলো। এসময় তিনি হারুনকে চিকিৎসা বাবদ ব্যক্তিগত তহবিল থেকে দশ হাজার টাকা দিয়ে আর্থিকভাবে সহযোগিতা করেন। আগামীতে পাশে থাকার প্রতিশ্রুতি দিয়েছেন তিনি। এসময় উপস্থিত ছিলেন ঝিনাইদহ সদর উপজেলা কৃষকলীগের সভাপতি শফি উদ্দীন মিন্টু ও সাধারন সম্পাদ হাফিজুর রহমান তোতা ও স্থানযি কৃষকলীগের নেতৃবৃন্দ।




## গাংনীতে প্রধানমন্ত্রীর স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে আলাচেনা সভা

**গাংনী প্রতিনিধি :** প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার স্বদেশ প্রত্যাবর্তন দিবস উপলক্ষে মেহেরপুরের গাংনীতে আলাচেনা সভা অনুষ্ঠিত হয়েছে। শনিবার বিকেলে গাংনী উপজেলা শহরের হাসপাতাল বাজারে এ সভা অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা ও উপজেলা ছাত্রলীগের নেতৃবৃন্দ এ সভার আয়োজন করে। সভায় সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা ছাত্রলীগের সহ-সভাপতি শাহজাহান আলী। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন রাজশাহী মেডিকেল কলেজ ছাত্রলীগের সাবেক সভাপতি ডাক্তার এ,এস,এম নাজমুল হক সাগর। বিশেষ অতিথি হিসাবে ২-এর পাতায় দেখুন

## মেহেরপুরে রুপাকে গ্রেপ্তার ও শাস্তির দাবীতে বঙ্গবন্ধু সৈনিক লীগের মানববন্ধন




**মেহেরপুর প্রতিনিধি:** জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার ছবিকে অসন্মান ও অবমাননা সহ বঙ্গবন্ধু সৈনিক লীগের সদস্য না হয়েও পদের অপব্যাবহার , নিয়ম-নীতি তোয়াক্কা না করে গার্ড অব অনার গ্রহণ করা সহ তার অপকর্মের প্রতিবাদ করায় সাংবাদিক ও রাজনৈতিক নেতাকর্মীর নামে মামলা ও জীবননাশের হুমকি ঘটনার হোতা এবং বঙ্গবন্ধু সৈনিক লীগের কথিত আহবায়ক নিলুফার ইয়াসমিন রুপাকে গ্রেপ্তার ও শাস্তির দাবীতে বঙ্গবন্ধু সৈনিক লীগ মেহেরপুর জেলা শাখা মানববন্ধন করেছে। রোববার সকাল ১১টায় মেহেরপুর জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে এই ২-এর পাতায় দেখুন




## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধুর জুলি ও কুরি পদক প্রাপ্তির ৫০ বছর উদযাপন

**আবু সাইদ,হরিণাকন্ডু :** ঝিনাইদহের হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূতি উপলক্ষে আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। হরিণাকুন্ডু উপজেলা প্রশাসনের আয়োজনে রোববার সকালে ২-এর পাতায় দেখুন

## মহেশপুরে স্ত্রীকে উত্তক্তের প্রতিবাদ করায় চাচাত ভাইয়ের ছুরিকাঘাতে যুবক নিহত

**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের মহেশপুর স্ত্রীকে উত্তক্তের প্রতিবাদ করায় চাচাত ভাইয়ের ছুরিকাঘাতে পলাশ হোসেন (২৮) নামে চাচাত ভাই খুন হওয়ার ঘটনা ঘটেছে। শনিবার রাত সাড়ে ৯টার দিকে উপজেলার আজমপুর ইউনিয়নের মদনপুর গ্রামের মাঝের পাড়ায় এ ঘটনা ঘটে । নিহত পলাশ হোসেন (২৮) ওই গ্রামের ফজলু বিশ্বাসের ছেলে এবং পেশায় একজন ভ্যানচালক। ঘটনার পর থেকেই তার চাচাতো ভাই সুমন আলী পলাতক রয়েছেন।

নিহতের পরিবার ও এলাকাবাসীরা জানান, বিভিন্ন সময় নিহত পলাশ বিশ্বাসের স্ত্রীকে উত্তক্তো করতেন চাচাত ২-এর পাতায় দেখুন

# গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের শান্তি পদকের ৫০ পূর্তি পালিত




**গাংনী প্রতিনিধি:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুরের গাংনীতে বর্ণাঢ্য আয়োজন অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানের মধ্য ছিল বর্ণাঢ্য শাভোযাত্রা, আলাচেনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠান। রবিবার সকাল ১০টার দিকে গাংনী উপজেলা শহরে একটি বর্ণাঢ্য শোভাযাত্রা অনুষ্ঠিত হয়। উপজেলা প্রশাসন এর আয়োজন করে। এতে নেতৃত্ব প্রদান করেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খাকেন, গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও ২-এর পাতায় দেখুন




## মেহেরপুরে বঙ্গবন্ধুর শান্তি পদক 'জুলি ও কুরি' ৫০ বছর পূর্তি উপলক্ষে র‍্যালি ও আলোচনা সভা

**মেহেরপুর প্রতিনিধি:** বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর জুলিও কুরিচ শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পূর্তি উপলক্ষে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে র‍্যালি ও আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। রবিবার (২৮ মে) সকালে একটি র‍্যালি জেলা প্রশাসকের কার্যালয়ের থেকে শুরু হয়ে শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা শিল্পকলা একডেমি মিলনায়তনে গিয়ে শেষ হয়। র‍্যালি শেষে জেলা শিল্পকলা একডেমি মিলনায়তনে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। আলোচনা সভায় মেহেরপুর জেলা প্রশাসক মোহাম্মাদ আজিজুল ইসলামের সভাপতিত্বে ভিডিও ২-এর পাতায় দেখুন


# আলমডাঙ্গায় জুলি ও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উদযাপন



**আলমডাঙ্গা অফিসঃ** আলমডাঙ্গা উপজেলা প্রশাসনের উদ্যোগে জাতীর পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ৫০ বছর পুর্তি উপলক্ষে আলোচনা সভা ও পুরস্কার বিতরন অনুষ্টান অনুষ্টিত।গতকাল বিকেল সাড়ে ৪ টার দিকে উপজেলা পরিষদ হলরুমে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন আলমডাঙ্গা উপজেলা নির্বাহী অফিসার রনি আলম নুর।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব আইয়ুব হোসেন।বয্গবন্ধুর সারা জীবনের দর্শন আর বাংলাদেশের মুক্তিযুদ্ধের সর্বাধিনায়কত্বের প্রেক্ষাপটে বঙ্গবন্ধুকে জুলিও কুরি পদক প্রদান করার। সে বিবেচনায় বিশ্বশান্তি পরিষদ ১৯৭২ সালের ১০ অক্টোবর পদকপ্রাপক হিসেবে বঙ্গবন্ধুর নাম ঘোষণা করেন। আর পরের বছর ২৩ মে এশীয় শান্তি সম্মেলনের এক আড়ম্বরপূর্ণ অনুষ্ঠানে সেই পদক বঙ্গবন্ধুকে পরিয়ে দেন পরিষদের তৎকালীন সেক্রেটারি জেনারেল রমেশচন্দ্র। সেই ২-এর পাতায় দেখুন




**সম্পাদকমন্ডলীর সভাপতি :** আব্দুল হাই এমপি (সাবেক প্রতিমন্ত্রী) **সম্পাদক ও প্রকাশক :** আলী কদর পলাশ, **ভারপ্রাপ্ত সম্পাদক :** তানভীর হাসান (জিসান হাই),**ব্যবস্থাপনা সম্পাদক :** আশরাফুল আলম চঞ্চল, **নির্বাহী সম্পাদক :** তুহিন আরণ্য
**সম্পাদক ও প্রকাশক আলী কদর পলাশ** কর্তৃক ঢাকা : হাউস ১৭ রোড ২৮ ধানমন্ডি, ঢাকা-১২০৫। **ঝিনাইদহ : হোল্ডিং নম্বর ০০৬২-০০, রাস্তা ০৯,০৯১ (এমপি হাই সাহেবের বাসভবন) আরাপপুর, ঝিনাইদহ।**। চুয়াডাঙ্গা থেকে প্রকাশিত এবং মেসার্স আলিফ প্রিন্টিং প্রেস ২২১ ফকিরাপুল, মতিঝিল, ঢাকা-১০০০ থেকে মুদ্রিত । ই-মেইল : eaiamardesh@gmail.com ফোন: ০১৭৫৮-২৮২৩৪৫,০১৭৩৪-১০৪৪১৪ **বিজ্ঞাপন-সার্কুলেশন :** ০১৯৬৯৮৩১৯১৮




১৯৯২ সালের ১ জানুয়ারী থেকে প্রকাশিত
দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh
e-paper.eaiamardesh.com
www.eaiamardesh.com

# স্বাস্থ্যনীতি প্রণয়ন কতদূর?

আমাদের দেশে সাধারণ মানুষের চিকিৎসা গ্রহণের জন্য একমাত্র ভরসা সরকারি হাসপাতাল। সরকারি হাসপাতালে কি মানুষ চিকিৎসাসেবা পাচ্ছে। নানাভাবে হয়রানি হচ্ছে রোগী ও স্বজনরা। সরকারি হাসপাতালগুলোতে চিকিৎসাসেবা দেয়ার নামে চলমান নৈরাজ্য ও নির্মমতা দেখার যেন কেউ নেই। দেশের ৬৪টি জেলা শহরের বেশির ভাগ হাসপাতালে প্রয়োজনীয় চিকিৎসক ও জনবল নেই। আর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ক্লিনিকগুলোর অবস্থা আরো নাজুক। এসব হাসপাতালে প্রয়োজনের তুলনায় এমবিবিএস চিকিৎসক নেই। ওষুধ নেই। এমন খবর গণমাধ্যমে প্রায়ই আসছে। কিন্তু কোনো সুরাহা কি হচ্ছে? দেশে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রের পাশাপাশি অনেক বেসরকারি ও ব্যক্তিমালিকানাধীন হাসপাতাল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গড়ে উঠেছে। তবে এসব প্রতিষ্ঠানে চিকিৎসা গ্রহণ যথেষ্ট ব্যয়বহুল। বস্তুত দেশের সংখ্যাগরিষ্ঠ মধ্যবিত্ত, নিম্ন-মধ্যবিত্ত ও দরিদ্র মানুষের অসুখে-বিসুখে সরকারি হাসপাতাল ও স্বাস্থ্যকেন্দ্রগুলোই ভরসা। মানুষের মৌলিক অধিকারের মধ্যে অন্যতম একটি হলো স্বাস্থ্যসেবা। আমাদের দেশের মোট জনসংখ্যার বড় অংশই গ্রামে বসবাস করে। গ্রামের কৃষক ও হতদরিদ্র মানুষ তাদের চিকিৎসার জন্য নির্ভর করেন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্রগুলোর ওপর। কিন্তু এগুলো চিকিৎসক সংকটসহ নানারকম সংকট ও অনিয়ম-অব্যবস্থাপনায় আক্রান্ত। তাই গ্রামীণ দরিদ্র মানুষগুলো প্রতিনিয়তই বঞ্চিত হচ্ছেন কাঙ্ক্ষিত চিকিৎসাসেবা থেকে। প্রত্যন্ত অঞ্চলে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সগুলোতে বড় সংকট হলো লোকবল ও চিকিৎসা সরঞ্জামাদির। আবার যে সরঞ্জামাদি আছে তারও সদ্ব্যবহার হয় না, যে লোকবল নিয়োজিত আছে তাদেরও কর্মস্থলে যথাযথ দায়িত্ব পালন নিশ্চিত হচ্ছে না, বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) বাংলাদেশের মতো দেশগুলোকে তাদের জিডিপির ৫ শতাংশ স্বাস্থ্য খাতে জাতীয় বাজেটে বরাদ্দ করার পরামর্শ দিয়েছে। গত ১২ বছরেরও বেশি সময় ধরে বাংলাদেশে স্বাস্থ্য খাতে জিডিপির ১ শতাংশেরও কম বরাদ্দ করা হয়েছে। বরাদ্দকৃত অর্থের প্রায় ৭০ শতাংশ ব্যয় হয় বেতন-ভাতা বাবদ, বাকি অর্থ ব্যয় হয় স্বাস্থ্যসেবার জন্য, যা খুবই অপর্যাপ্ত। স্বাস্থ্য খাতের সার্বিক উন্নয়নের বিষয়টি বিবেচনায় নিয়ে এ খাতে আর্থিক বরাদ্দ বাড়াতে হবে। এ খাতকে দুর্নীতিমুক্ত রেখে বর্ধিত বরাদ্দের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। পত্রিকার পাতায় প্রায় দিনই ছাপা হয় কোনো না কোনো এলাকার স্বাস্থ্য কমপ্লেক্স বা স্বাস্থ্যকেন্দ্রের বেহাল দশার খবর। তার ওপর আছে নানারকম দুর্নীতি। সরকারি বিনামূল্যে বিতরণের ওষুধ বিক্রি হয় বাজারে। অর্থাৎ এ ক্ষেত্রে নজরদারির অভাব প্রকট। অনিয়ম-অব্যবস্থাপনা রোধ করার জন্য উর্ধ্বতন মহলের নজরদারি দরকার। সরকার একজন চিকিৎসককে গ্রামের হাসপাতালে ২ বছর থাকার নিয়ম করে দিলেও তা কেউ মানছে না। অধিকাংশ ডাক্তার যোগদানের কয়েক মাস পরেই বিভিন্ন তদবিরের মাধ্যমে শহরে চলে যান। ফলে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ের চিকিৎসা ব্যবস্থা মুখ থুবড়ে পড়েছে। দেশে কার্যকর কোনো স্বাস্থ্যনীতি নেই। এখন আমাদের আগামী ৫০ বছরের জন্য স্বাস্থ্য খাতের রূপরেখা নিয়ে ভাবতে হবে। বৈষম্যমুক্ত সমাজ গঠনের অন্যতম প্রধান কাজ হলো বৈষম্যমুক্ত স্বাস্থ্যব্যবস্থা গড়ে তোলা।

## কোটচাঁদপুরে দুর্বৃত্তদের ফেলে

আলী পাঠান জানান, শনিবার রাত ১০ টার দিকে তার বাড়ির ছাদে শব্দ হয়। পরে অনেক খোঁজাখুজির পর তখন কিছু পাননি তারা। রোববার বেলা ১২ টার দিকে অপরিচিত একটি মোবাইল নাম্বার থেকে তাকে ফোন করে ৫ লাখ টাকা দাবী করে। সেই সাথে রাতে বোমা হামলা তারা ঘটিয়েছে বলে স্বীকার করে বলে বাড়িতে বোমা নিক্ষেপ করা আছে। এ ঘটনার পর রোববার বিকেলে শিশু বন্ধন, খালিদ ও জুথি বাসার ছাদে খেলতে যায়। সেসময় কালো টেপ মোড়ানো বল আকৃতির একটি বস্তু দেখে খেলতে গিয়ে ছুড়ে মারে। এতে বোমাটি বিস্ফোরণ হলে বন্ধনসহ ৩ জন আহত হয়। সেখান থেকে বন্ধনকে উদ্ধার করে কোটচাঁদপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। অন্য দুইজনকে স্থানীয় ভাবে চিকিৎসা দেওয়া হয়েছে। এ ব্যাপারে কোটচাঁদপুর থানার ওসি মঈন উদ্দিন বলেন, বিষয়টি তেমন গুরুতর না। পরিত্যক্ত ককটেল বিস্ফোরণে একটি শিশু সামান্য আহত হয়েছে।

## শৈলকুপার খুলুমবাড়ীযা গ্রামে

চেয়ারম্যান মফিজ উদ্দিন, সারুটিয়?া ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন, উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাদ্দাম হোসেন মোল্লা, মির্জাপুর ইউনিয়নের চেয়ারম্যান ফিরোজ আহমেদ, উপজেলা যুবলীগের সভাপতি শামিম হোসেন মোল্লা, উপজেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক শাওন শিকদার, উপজেলা ছাত্রলীগের সাবেক সভাপতি দিনার বিশ্বাস,উপজেলা যুব লীগের সাবেক সভাপতি রানা উজ্জামান বাদশা,সহ আওয়ামী লীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।

## ঝিনাইদহে বঙ্গবন্ধুর জুলি

জুলিও কুরি শান্তি পদক প্রাপ্তির ওপর একটি প্রামাণ্যচিত্র প্রদর্শন করা হয়। ঝিনাইদহ জেলা প্রশাসক এস.এম রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু, ঝিনাইদহের সাবেক মুক্তিযোদ্ধা কমান্ডার মকবুল হোসেন ও ঝিনাইদহ পুলিশ সুপার আশিকুর রহমান। ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি বলেন, বঙ্গবন্ধু সব সময় শান্তিতে বিশ্বাসী ছিলেন।

## চুয়াডাঙ্গায় বঙ্গবন্ধু জুলি ও কুরি

হামিদ রেজা, অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক)।আলোচনা সভার পূর্বে জেলা প্রশাসকের কার্যালয়, চুয়াডাঙ্গা প্রাঙ্গণে অবস্থিত বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এবং বঙ্গবন্ধু শেখ ফজিলাতুন্নেছা মুজিব এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এসময় জেলা পর্যায়ের বিভিন্ন কর্মকর্তা, সুশীল সমাজের প্রতিনিধিবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।
পুষ্পস্তবক অর্পণ শেষে জেলা প্রশাসক শান্তির প্রতীক পায়রা অবমুক্ত করে এবং বেলুন উড়িয়ে অনুষ্ঠান উদ্বোধন করেন। এরপর এক বর্ণাঢ্য র‌্যালি শহরের প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে।

## শৈলকুপা অফিসার্স ক্লাবের

হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। এসময় উপস্থিত ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ,পৌর মেয়র আলহাজ্ব কাজী আশরাফুল আজম,মনোহরপুর ইউনিয়নের চেয়ারম্যান জাহিদুল ইসলাম জাহিদ, বগুড়া ইউনিয়নের চেয়ারম্যান শফিকুল ইসলাম শিমুল, ধলহরাচন্দ্র ইউনিয়নের চেয়ারম্যান মতিয়ার রহমান বিশ্বাস, নিত্যানন্দপুর ইউনিয়নের চেয়ারম্যান মফিজ উদ্দিন, সারুটিয়?া ইউনিয়নের চেয়ারম্যান মাহমুদুল হাসান মামুন, উমেদপুর ইউনিয়নের চেয়ারম্যান সাদ্দাম হোসেন মোল্লা, মির্জাপুর ইউনিয়নের চেয়ারম্যান ফিরোজ আহমেদ, উপজেলা যুবলীগের সাবেক সভাপতি রানা উজ্জামান বাদশা, মুক্তিযোদ্ধা কমান্ডার মনোয়ার হোসেন মালিথাসহ আওয়ামী লীগের নেতৃবৃন্দ,বীর মুক্তিযোদ্ধা ও কর্মীরা উপস্থিত ছিলেন।

## কালীগঞ্জ হাসপাতালকে

স্বাস্থ্য কমপ্লেক্স কনফারেন্স রুমে হাসপাতাল ব্যাবস্থাপনা কমিটির এক মাসিক সভাতে একথাগুলি বলেন। হাসপাতাল ব্যাবস্থাপনা কমিটির সভাপতি এমপি আনারের সভাপতিত্বে শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন, স্বাস্থ্য কমিটির সদস্য সচিব উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা ডাক্তার আলমগীর হোসেন। তিনি হাসপাতালটির নানান বিষয়াদি তুলে ধরে বলেন, বর্তমানে এ হাসপাতালটিতে এক্সরে, ইসিজি ও আলট্রাসনো ম্যাশিন অকেজো অবস্থায় পড়ে আছে। এছাড়াও পরিবহন ও কিছু জনবল সংকট সহ ছোটখাট আরো বেশ কিছু সমস্যা বিদ্যমান রয়েছে। এজন্য সেবা প্রদানে কিছু সমস্যা হয়ে থাকে। তিনি এ সকল সমস্যা নিরসনে মাননীয় এমপি মহোদ্বয়ের সহযোগিতা কামনা করেন।
হাসপাতালের আবাসিক মেডিকেল অফিসার শিশির কুমার সানার সঞ্চালনায় সভাতে উপস্থিত ছিলেন, উপজেলা ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মহিলা ভাইস চেয়ারম্যান শাহানাজ পারভীন, সোনারবাংলা ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শিবুপদ বিশ্বাস, কালীগঞ্জ প্রেসক্লাবের সভাপতি জামির হোসেন, ডাঃ নাজমুল হোসেন,পরিসংখ্যানবিদ মাইনুর রহমান, এফভিও কর্মকর্তা শহিদুল ইসলাম ও সিনিয়র নার্স সহ অফিসিয়াল অন্নান্য কর্মকর্তাগন।

## সভাপতি রাফেদূল হক সুমন সাধারন

লীগের কেন্দ্রীয় ভারপ্রাপ্ত সভাপতি মেজবাউল হোসেন সাচ্চু। সম্মানিত অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক স্বেচ্ছাসেবক লীগের সাবেক কেন্দ্রীয় যুগ্ম সাধারণ সম্পাদক সাইদুল করিম মিন্টু। বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় সহসভাপতি ম. আব্দুর রাজ্জাক, ধর্ম বিষয়ক সম্পাদক সাইফুল ইসলাম ছিন্টু। জেলা আওয়ামী লীগের সাবেক সহসভাপতি আঃ সামাদ, সদস্য গোলাম সরোয়ার খান সউদ, সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক মাসুদ আহমেদ সনজু, সাবেক ধর্ম বিষয়ক সম্পাদক শিকদার আনিচুর রহমান, হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগের সভাপতি মশিউর রহমান জোয়ার্দার, জেলা আওয়ামী লীগের সাবেক প্রচার ও প্রকাশনা বিষয়ক সম্পাদক মনজুর পারভেজ তুষার, সাবেক যুব ও ক্রীড়া বিষয়ক সম্পাদক অ্যাড: বিকাশ কুমার ঘোষ, হরিণাকুণ্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, স্বেচ্ছাসেবক লীগের কেন্দ্রীয় কার্যনির্বাহী সদস্য আদনান সুমন, জাতীয় সদস্য পাপিয়া রায় পাখি, আনিচুর রহমান টিপু, হরিণাকুণ্ডু পৌর আওয়ামী লীগের সভাপতি খাইরুল ইসলাম, হরিণাকুণ্ডু পৌরসভার মেয়র ও পৌর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোঃ ফারুক হোসেন, সদর পৌর আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক কাজী কামাল আহমেদ বাবু, সদর উপজেলার গান্না ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা ছাত্রলীগের সাবেক সাধারণ সম্পাদক আতিকুল হাসান মাসুম, হরিণাকুণ্ডু উপজেলা যুবলীগের আহ্বায়ক জুয়েল, যুগ্ম আহ্বায়ক আব্দুল্লাহ মারুফ, জেলা স্বেচ্ছাসেবক লীগের সাবেক সাংগঠনিক সম্পাদক ও জেলা পরিষদ সদস্য আলা উদ্দিন, শাহরিয়ার করিম রাসেল, জেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক আল-ইমরান, ফুরসুন্ধি ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান অ্যাড: আব্দুল মালেক মিনা, নলডাঙ্গা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান কবির হোসেন, সাধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কাজী নাজীর উদ্দিন, মধুহাটি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আলতাফ হোসেন, কালীচরণপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান জাহাঙ্গীর হোসেন, হরিণাকুণ্ডুর দৌলতপুর ইউপির চেয়ারম্যান আবুল কালাম আজাদ, রঘুনাথপুর ইউপির চেয়ারম্যান বসির উদ্দিন, তাহেরহুদা ইউনিয়ন পরিষদের সাবেক চেয়ারম্যান মঞ্জুরুল ইসলাম, উপজেলা ছাত্রলীগের সাধারণ সম্পাদক নাজমুল হোসেন, হরিণাকুণ্ডু পৌর ছাত্রলীগের সাধারণ সম্পাদক পলাশসহ হরিণাকুণ্ডু উপজেলা আওয়ামী লীগ, যুবলীগ, স্বেচ্ছাসেবক লীগ, ছাত্রলীগের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। সভাপতিত্ব করবেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের আহ্বায়ক ফিরোজ সালাউদ্দিন। প্রধান বক্তা হিসাবে বক্তব্য রাখনে জেলা স্বেচ্ছাসেবকলীগের সদস্য সচিব রানা হামিদ। সঞ্চালনা করবেন উপজেলা স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম আহ্বায়ক রাফেদুল হক সুমন। প্রথম অধিবেশন শেষ হলে কাউন্সিলরদের মতামতের ভিত্তিতে রাফেদূল হক সুমনকে সভাপতি, রুবেল রানাকে সাধারণ সম্পাদক করে কমিটি গঠন করা হয়।

## সাতকানিয়ায় ছাত্র ধর্ষণ মামলায়

উপজেলায়। পুলিশ ও মাদ্রাসাছাত্রের পরিবার সূত্রে জানা যায়, দুই বছর আগে মাদ্রাসায় ভর্তি হয় ওই ছাত্র। ২১ মে রাতে ছাত্রটি ধর্ষণের শিকার হয়। এ ঘটনা মাকে বলে দেবে জানালে শিক্ষক ছাত্রকে মারধর করেন এবং মেরে ফেলার ভয় দেখান। গত বৃহস্পতিবার ছাত্রটি অসুস্থ হয়ে বাড়িতে গিয়ে মাকে বিষয়টি জানায়। পরে পরিবারের সদস্যরা তাকে সাতকানিয়া উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স নিয়ে যান। সেখানে প্রাথমিক চিকিৎসা শেষে শিশুটিকে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের ওয়ান স্টপ ক্রাইসিস সেন্টারে পাঠানো হয়। গতকাল রাতে ছাত্রটির মা বাদী হয়ে মামলা করেছেন।
ওই ছাত্রের মা বলেন, 'এক বছর ধরে বিভিন্ন সময়ে ওই শিক্ষক আমার ছেলেকে নির্যাতন করে আসছে। ছেলের চিকিৎসার জন্য চট্টগ্রামে হাসপাতালে অবস্থান করার কারণে মামলা করতে দেরি হয়েছে।'
সাতকানিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ ইয়াসির আরাফাত বলেন, ওই শিক্ষক আত্মগোপনে ছিলেন। গতকাল রাতে তাঁর অবস্থান নির্ণয় করে গ্রেপ্তার করা হয়। এ ঘটনায় ছাত্রের মা বাদী হয়ে শিক্ষকের বিরুদ্ধে নারী ও শিশু নির্যাতন দমন আইনে মামলা করেন। সেই মামলায় তাঁকে গ্রেপ্তার দেখানো হয়।

## কালীগঞ্জে পানিতে ডুবে শিশুর

কেন্দ্রে নিয়ে গেলে জরুরি বিভাগের চিকিৎসক শম্পা মোদক শিশু ইব্রাহিমকে মৃত ঘোষনা করেন। কালীগঞ্জ থানার অফিসার ইনচার্জ আব্দুর রহিম মোল্ল্য পানিতে ডুবে শিশুটির মৃত্যুর বিষয়টি নিশ্চিত করেছেন।

## বঙ্গবন্ধুর "জুলি ও কুরি" শান্তি পদক

ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের সভাপতি ও বীর মুক্তিযোদ্ধা আব্দুল হাই এমপি। বিশেষ অতিথি ছিলেন উপজেলা পরিষদের চেয়ারম্যান এম হাকিম আহমেদ, পৌর মেয়র আলহাজ্ব কাজী আশরাফুল আজম,শৈলকুপা থানার ওসি আমিনুল ইসলাম,উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক কমিটি সাবেক আহবায়ক মতিয়ার রহমান বিশ্বাস,উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুনব্বী কালু।আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান শেষে শিশু-কিশোরদের মাঝে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি আব্দুল হাই এমপি।

## কালীগঞ্জে মসজিদ, মন্দির ও শশ্মানে

ছিলেন, কালীগঞ্জ পৌরসভার মেয়র আশরাফুল আলম আশরাফ, উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী, মালিয়াট ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি জাহাঙ্গীর হোসেন মনু বিশ্বাস, কোলা ইউপি চেয়ারম্যান আলাউদ্দিন-আল-আজাদ, সুন্দরপুর দূর্গাপুর ইউনিয়ন যুবলীগ নেতা লিয়াকত আলী খান লিটন সহ সংশ্লিষ্ট মসজিদ ও মন্দিরের দ্বায়িত্বপ্রাপ্ত ব্যক্তিবর্গ।

## গাংনীতে প্রধানমন্ত্রীর স্বদেশ

বক্তব্য রাখেন গাংনী উপজেলা শ্রমিক লীগের সাধারণ সম্পাদক জিয়ারুল ইসলাম জিয়া, মটমুড়া ইউনিয়ন কৃষকলীগের সভাপতি মোস্তাক আহম্মেদ চঞ্চল, বামন্দী ইউনিয়ন কৃষকলীগের সভাপতি জিয়ারুল হক জিয়া। এসময় বক্তব্য রাখেন সাবেক ছাত্রলীগ নেতা নুরুল হক রিন্টু, গাংনী উপজেলা ছাত্রলীগের সহ-সভাপতি তৌফিক আজিজ মুন্না, ছাত্রলীগ নেতা রফিকুল ইসলাম উজ্জল,ছাত্রলীগ নেতা সাহারুল ইসলাম প্রমুখ।

## মেহেরপুরে রুপাকে গ্রেপ্তার

মানববন্ধন অনুষ্ঠিত হয়। মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সাধারণ সম্পাদক তরুণ আহমেদের নেতৃত্বে মানববন্ধনে আরও উপস্থিত ছিলেন, মেহেরপুর পৌর মহিলা আওয়ামী লীগের সাংগঠনিক সম্পাদক সফুরা খাতুন, মেহেরপুর জেলা বঙ্গবন্ধু সৈনিক লীগের সাংগঠনিক সম্পাদক রুবেল হোসেন, গাংনী উপজেলা সৈনিক লীগের সাংগঠনিক সম্পাদক মোহাম্মদ আমজাদ হোসেন সহ বঙ্গবন্ধু সৈনিক লীগের নেতা কর্মীবৃন্দ।

## মেহেরপুরে বঙ্গবন্ধুর শান্তি পদক

কনফারেন্সে প্রধান অতিথী হিসাবে উপস্থিত ছিলেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন, বিশেষ অতিথী হিসাবে উপস্থিত ছিলেন, মেহেরপুর জেলা পুলিশ সুপার রাফিউল আলম, জেলা পরিষদ চেয়ারম্যান এ্যাড. আব্দুস সালাম প্রমূখ। এসময় সরকারি বিভিন্ন দপ্তরের কর্মকর্তা, রাজনৈতিক ও সামাজিক সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।

## গাংনীতে বঙ্গবন্ধু শেখ মুজিবুর

মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এম এ খালেক, গাংনী উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী,বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন সরকারের বিভিন্ন দপ্তরের কর্মকর্তা,রাজনৈতিক নেতৃবৃন্দসহ বিভিন্ন শ্রেণীপেশার মানুষ। সকাল ১১টার দিকে গাংনী উপজেলা অডিটোরিয়ামে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। সভায় প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকেন। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন গাংনী উপজেলা পরিষদের চেয়ারম্যান ও মেহেরপুর জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক এমএ খালেক, গাংনী পৌরসভার মেয়র আহম্মেদ আলী,বিশিষ্ট সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম। উপজেলা সমবায় অফিসার মাহবুবুল হক মুন্টুর সঞ্চালনায়-বক্তব্য রাখেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু, আওয়ামী লীগ নেতা ইয়াছিন রেজা,শিক্ষক নেতা পারভেজ সাজ্জাদ রাজা,গাংনী উপজেলা কৃষকলীগের সাধারণ সম্পাদক মশিউর রহমান পলাশ। অনুষ্ঠানের শেষ পর্যায়ে গাংনী উপজেলা শিল্পকলা একাডেমীর শিল্পীদের পরিবেশনায় মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

## মহেশপুরে স্ত্রীকে উত্তক্তের প্রতিবাদ

দেওর সুমন আলী। এ নিয়ে পলাশ ও সুমনের মধ্যে প্রায়ই বাকবিতণ্ডা সৃষ্টি হতো। শনিবার রাতেও চাচাত দেওর ঘাতক সুমন আলী তার স্ত্রীকে জাপটে ধরে শ্লীলতাহানীর চেস্টা করে। পরে পলাশের স্ত্রী তার পরিবারকে এ ঘটনা জানালে স্বামী নিহত পলাশ এর প্রতিবাদ করলে ঘাতক সুমনের সাথে কথা কাটাকাটি হয়। কথা কাটাকাটির এক পর্যায়ে সুমন ঘর থেকে ছুরি নিয়ে এসে পলাশের বুকের বামপাশে আঘাত করেন। এতে ঘটনাস্থলেই তার মৃত্যু হয়। মহেশপুর থানার উপ-পরিদর্শক আসাদুর রহমান ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, মৃতদেহ উদ্ধার করে ময়নাতদন্তের জন্য ঝিনাইদহ সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়েছে। ঘটনার পর থেকেই ঘাতক সুমন আলী পলাতক রয়েছে। তাকে ধরতে পুলিশের চেষ্টা অব্যাহত আছে।

## হরিণাকুন্ডুতে বঙ্গবন্ধুর জুলি

উপজেলা অডিটোরিয়ামে পালিত হয়। এসময় হরিণাকুন্ডু উপজেলা নির্বাহী কমকর্তা সুস্মিতা সাহা, হরিণাকুন্ডু উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর হোসাইন, সহকারী কমিশনার(ভূমি) তানভীর রহমান সহ বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যান ও উপজেলার বিভিন্ন অফিসের কমকর্তাগন উপস্থিত ছিলেন। আলোচনা শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়।
আলোচনা সভায় বক্তারা বলেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান মানুষের ন্যায্য অধিকার আদায়ে আজীবন সংগ্রাম করে গেছেন। তিনি বিশ্ব শান্তি প্রতিষ্ঠায় অনন্য ভূমিকা পালন করেন।

## আলমডাঙ্গায় জুলি ও কুরি

অনুষ্ঠানে রমেশচন্দ্র বলেছিলেন, 'বঙ্গবন্ধু শুধু বাংলার নন, তিনি বিশ্বের বিশ্ববন্ধুতে পরিনত হয়েছিলেন।অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,উপজেলা ভাইস চেয়ারম্যান এ্যাডঃ খন্দকার সালমুন আহমেদ ডন,মহিলা ভাইস চেয়ারম্যান কাজী মারজাহান নিতু,মাধ্যমিক শিক্ষা অফিসার ফজলুল হক,প্রেসক্লাবের সাধারন সম্পাদক খন্দকার হামিদুল ইসলাম আজম।কলেজিয়েট স্কুলের উপাধ্যক্ষ শামিম রেজার উপস্থাপনায় স্বাগত বক্তব্য রাখেন উপজেলা শিক্ষা অফিসার শামসুজ্জোহা।অন্যদের মধ্যে উপস্থিত ছিলেন উপজেলা প্রানী সম্পদ সম্প্রসারন করামকর্তা ডাঃ মোস্তাকিম,সহকারি শিক্ষা অফিসার প্রমুখ।সভা শেষে সাংস্কৃতিক অনুষ্টানের আয়োজন করা হয়। একক সংগীত পরিবেশন করেন শামিম রেজা,সঙ্গে উপস্থিত সকলে তাল মেলান।পরে বিজয়িদের মাঝে পুরস্কার তুলে দেন অতিথি বৃন্দ।এখানে ক,খ,গ,ঘ গ্রুপে মোট ৩ জন ১ম,২য়,৩য় তিনটি করে ২১ জন বিজয়ির মাঝে চিত্রাঙ্কন প্রতিযোগীতায়,এবং কুইজ প্রতিযোগীতায় বিজয়িদের মাঝে পুরস্কার বিতরন করা হয়

## কৃষকদের ৩৩ কোটি টাকার

আমন ধানের উচ্চফলনশীল (উফশী) জাতের প্রয়োজনীয় পাঁচ কেজি বীজ, ১০ কেজি ডিএপি ও ১০ কেজি এমওপি সার বিনামূল্যে পাবেন।
কৃষি মন্ত্রণালয়ের নিয়মিত বাজেট কৃষি পুনর্বাসন সহায়তা এবং বীজ ও চারা খাত থেকে এ প্রণোদনা দেওয়া হচ্ছে। এ সংক্রান্ত সরকারি আদেশ ইতোমধ্যে জারি হয়েছে। মাঠ পর্যায়ে শিগগিরই এসব প্রণোদনা বিতরণ কার্যক্রম শুরু হবে।

## বিদেশিরা আমাদের বন্ধু

মন্তব্যে তুলে ধরেছেন। বিএনপি নামক দলটির অন্তরজ্বালা। তাই প্রধানমন্ত্রীর সফর নিয়ে বিরূপ মন্তব্য করে। রোববার রাজধানীর বঙ্গবন্ধু অ্যাভিনিউতে বাংলাদেশ আওয়ামী লীগের সম্পাদকমণ্ডলীর সঙ্গে ঢাকা মহানগর উত্তর-দক্ষিণ আওয়ামী লীগ ও সহযোগী সংগঠনের এক যৌথসভায় তিনি এ কথা বলেন। কাদের বলেন, কোনো অবস্থায় বিএনপির নেতাদের ওপর আক্রমণ করা যাবে না। তবে তারা করলে আর ছাড় নয়। কোনো নিষেধাজ্ঞায় নির্বাচন বন্ধ হবে না। নিষেধাজ্ঞা নিয়ে আমাদের মাথাব্যথা নেই, বিদেশিরা আমাদের বন্ধু। বিএনপি অসুস্থ রাজনীতি করে। আওয়ামী লীগ ঐক্যবদ্ধ থাকলে বিএনপির পরাজয় হবে। তিনি বলেন, নোংরা ও নষ্ট রাজনীতি করে বিএনপি। এদের কাছে বঙ্গবন্ধুর বাংলাদেশ নিরাপদ নয়। তাই শপথ নিতে হবে, জঙ্গিবাদ, সাম্প্রদায়িক সন্ত্রাসের পৃষ্ঠপোষক এই অপশক্তি বিএনপিকে প্রতিহত করতে হবে। কাদের বলেন, আওয়ামী লীগ অবাধ সুষ্ঠু নিরপেক্ষ নির্বাচন চায়। কিন্তু নির্বাচন বানচালের ষড়যন্ত্র করছে বিএনপি। দেশের সংবিধানে যেহেতু তত্ত্বাবধায়ক সরকারের ব্যাপার উল্লেখ নেই, তাই এ বিষয়ে কথা বললে বিএনপি ভিসানীতিতে আক্রান্ত হবে। এখন যারা অবাধ, সুষ্ঠু, নিরপেক্ষ নির্বাচনে বাধা হয়ে দাঁড়াবে তাদের ব্যাপারে আমেরিকার পদক্ষেপ কী হবে, সেটাই দেখার বিষয়। সভায় উপস্থিত ছিলেন জাহাঙ্গীর কবির নানক, মির্জা আজম, আফম বাহাউদ্দীন নাছিম, দীপু মনি, সাংগঠনিক সম্পাদক এস এম কামাল হোসেন, বিজ্ঞান ও প্রযুক্তি সম্পাদক ইঞ্জিনিয়ার আবদুস সবুর প্রমুখ।

## নতুন মার্কিন ভিসা নীতিতে

মাতৃভাষা ইনস্টিটিউট মিলনায়তনে একটি অনুষ্ঠানে যোগদান শেষে তিনি সাংবাদিকদের বলেন, 'আমরা অগ্নিসংযোগ বন্ধ করতে চাই... যদি এটি (মার্কিন ভিসা নীতি) অগ্নিসংযোগের ঘটনা বন্ধ করে, তা হবে একটি আশীর্বাদ।' পররাষ্ট্রমন্ত্রী বলেন, 'অগ্নিসংযোগের সঙ্গে জড়িত রাজনৈতিক দলগুলোর নেতাদের সতর্ক থাকতে হবে। কারন আপনি জানেন (অগ্নিসংযোগ) কারা এটা করে। তাই নেতৃত্বকে সতর্ক থাকতে হবে।'
পররাষ্ট্রমন্ত্রী বলেন, নতুন ভিসা নীতি নিয়ে উদ্বিগ্ন হওয়ার কিছু নেই, কারণ এটি বাংলাদেশে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার প্রতিশ্রুতিকে সমর্থন করে। এরপর মোমেন বলেন, 'কারা (যুক্তরাষ্ট্রের) ভিসা নেয় ? কিছু ধনী ব্যক্তি এবং সরকারি কর্মকর্তারা (এটা নেন)। যারা আমার রাজনৈতিক এজেন্ট এবং যারা ভোটের সময় কাজ করবেন, তারা ভিসা নিতে যাবেন না।' তিনি বলেন, কিছু রাজনীতিবিদ, বড় ব্যবসায়ী বা সুশীল সমাজের প্রতিনিধি, যাদের ছেলে-মেয়েরা বিদেশে পড়াশোনা করে এবং সেখানে বসবাস করে, তারা ভিসা নেয়। নতুন ভিসা নীতির ফলে মানি লন্ডারিং কমে আসবে বলেও আশা প্রকাশ করেন পররাষ্ট্রমন্ত্রী।
২০২৪ সালের জানুয়ারির শুরুতে অনুষ্ঠেয় নির্বাচনে অস্থিরতা বাড়ার আশঙ্কায় বুধবার যুক্তরাষ্ট্র বলেছে, গণতান্ত্রিক নির্বাচনকে ক্ষতিগ্রস্ত করে এমন বাংলাদেশিদের ভিসা সীমিত করা হবে। মার্কিন পররাষ্ট্রমন্ত্রী অ্যান্টনি ব্লিঙ্কেন এক বিবৃতিতে বলেছেন, এই নীতির ফলে বাংলাদেশের গণতান্ত্রিক নির্বাচন প্রক্রিয়াকে ক্ষুণ্ন করার জন্য দায়ী বা জড়িত বলে মনে করা যে কোনো বাংলাদেশি ব্যক্তির ভিসা ইস্যুতে নিষেধাজ্ঞা আরোপ করতে পারবে যুক্তরাষ্ট্র। মার্কিন যুক্তরাষ্ট্রের নতুন ভিসা নীতির প্রতিক্রিয়া সংক্রান্ত এক বিবৃতিতে পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, অবাধ ও সুষ্ঠু নির্বাচন নিশ্চিত করতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার টেকসই অঙ্গীকারের পাশে যুক্তরাষ্ট্রসহ আন্তর্জাতিক সম্প্রদায় দৃঢ়ভাবে দাঁড়িয়েছে বলে, বাংলাদেশ সরকার এর প্রশংসা করে। পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, দেশের গণতান্ত্রিক প্রক্রিয়া সমুন্নত রাখতে সব পর্যায়ে অবাধ ও সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে সরকারের দ্ব্যর্থহীন অঙ্গীকারের বৃহত্তর প্রেক্ষাপটে বাংলাদেশ এই ঘোষণাকে দেখতে চায়।

## গাজীপুরের নির্বাচনে সবার

হয়েছে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের আচরণ ভালো ছিল। ভোটাররা সুষ্ঠুভাবে ভোট দিয়েছেন। আপনারাও সুন্দরভাবে দায়িত্ব পালন করেছেন। আমাদের প্রশাসনের যারা ছিল পুলিশ প্রশাসন, ভোটগ্রহণের দায়িত্বে থাকা প্রিসাইডিং অফিসার যারা ছিলেন সবাই আইন অনুযায়ী দায়িত্ব পালন করেছেন। আমি মনে করি যে সবার সমান দায়িত্ব পালন করার জন্য এবং ন্যায়সঙ্গত দায়িত্ব পালন করার কারণে এটা সম্ভব হয়েছে। গতকাল রোববার আগারগাঁওয়ের নির্বাচন ভবনে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে এ মন্তব্য করেন তিনি। তিনি বলেন, শুধু গাজীপুরের ক্ষেত্রে না, আমরা সবসময় বলেছি যে নির্বাচনটা সুষ্ঠু হবে, সুন্দর হবে। আমাদের কাজ হলো যেসব রাজনৈতিক দল নির্বাচনে আসবে তাদের সবাইকে সমান সুযোগ যেটা আমাদের পক্ষ থেকে দিতে হবে এবং সবার জন্য সমান মাঠ রাখবো। যাতে নির্বাচনের প্রচারণা করা বা প্রতিদ্বন্দ্বিতা করা বা ভোটের যে পরিবেশ, ভোটাররা যাতে নির্বিঘ্নে ভোট দিতে পারেন। সেই ব্যবস্থা আমরা করবো। অনেকেই বলছেন ইসির সক্ষমতা বা সরকারের সদিচ্ছা নয়, মার্কিন ভিসানীতির কারণে গাজীপুর সিটির ভোট সুষ্ঠু হয়েছে। এ বিষয়ে জানতে চাইলে তিনি বলেন, ভিসানীতিতে কী হয়েছে না হয়েছে সে বিষয়ে আমরা এখনও কোনো গবেষণা করিনি। আপনারা বলছেন ভোটের দিন এটি পত্রিকায় প্রকাশ পেয়েছে। কিন্তু তার আগেই তো ভোট শুরু হয়ে গেছে। তাহলে তার প্রভাব পড়লো কীভাবে? এমন না যে এটি আগে হয়েছে, আমরা দেখেছি। আমরা তো দেখিইনি। মাঠে ভোট চলছে। মানুষ কি ওই ভিসানীতি পড়েছে, নাকি কেন্দ্রে গিয়ে লাইনে দাঁড়িয়ে ভোট দিয়েছে? তিনি আরও বলেন, ভিসানীতি তো আমরা জানতামই না। আপনাদের টেলিভিশনে দেখেছি। ভয় পাওয়ার সুযোগটা কই দিলো? সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে তিনি বলেন, শুধু গাজীপুর কেন, আমাদের সময়ে যত নির্বাচন হবে সবগুলো একই মানের করার চেষ্টা করবো। তিনি বলেন, দায়িত্ব নেওয়ার পর থেকে সরকারের সঙ্গে আমাদের কোনো আলোচনা হয়নি। তাদের কোনো নির্দেশনা পাইনি। তাদের কোনো নির্দেশনা আশাও করিনি। আমরা আমাদের মতো স্বাধীন সংস্থা হিসেবে সংবিধানে যা আছে, আইনে যা আছে সেই অনুযায়ী কাজ করছি। দলীয় সরকারের অধীনে সুষ্ঠু ভোট করা সম্ভব কিনা সাংবাদিকদের এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, আমি রাজনৈতিক বক্তব্যের বিষয়ে উত্তর দেবো না। যেকোনও পরিস্থিতিতে যেকোনও পরিবেশে আমাদের দায়িত্ব হলো আইন মেনে সুষ্ঠু একটা নির্বাচনের ব্যবস্থা করা। যা আমরা দায়িত্ব নেওয়ার পর থেকে করে আসছি এবং যতদিন আমরা আছি সেভাবে করবো। প্রথম দিন থেকেই বলছি আমাদের কেউ চাপ দেয় না। আমরা কারও কাছ থেকে চাপ নেইও না। আমরা প্রথম থেকেই মুক্ত আছি। ইনশাআল্লাহ শেষ পর্যন্ত মুক্ত থাকবো।

## বঙ্গবন্ধুর নামে শান্তি পুরস্কার

তাদেরকেও পুরস্কার দেয়া হবে? বঙ্গবন্ধু শেখ মুজিব শান্তি পুরস্কার প্রবর্তন করার ব্যবস্থা নেবে বর্তমান সরকার?'
প্রধানমন্ত্রী বলেন, আমরা সবসময় শান্তিতে বিশ্বাস করি। শুধু দেশে না, বিশ্বব্যাপী শান্তি প্রতিষ্ঠায় কাজ করছে দেশের সৈনিকরা। তারা জীবন বাজি রেখে কাজ করে যাচ্ছে। এজন্য তাদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন প্রধানমন্ত্রী।
বর্তমানে শান্তি বিরাজ করায় বাংলাদেশ উন্নয়নশীল দেশের কাতারে নাম লিখিয়েছে উল্লেখ করে শেখ হাসিনা বলেন, '২০০৮ সালে ক্ষমতায় আসার সময় দারিদ্রের হার ছিল ৪১ শতাংশ, আজকে তা ১৮ দশমিক ৭ শতাংশ। হত দরিদ্র এখন মাত্র ৫.৬ শতাংশ। আমরা দারিদ্রের হার কমাতে পেরেছি, স্বাক্ষরতার হার বাড়াতে পেরেছি, মাতৃ মৃত্যুর হার কমাতে পেরেছি।'
এ দেশে কোনো মানুষ ভূমিহীন, গৃহহীন মানুষ থাকবে না। সবাই তার মৌলিক অধিকার পাবে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের এ স্বপ্ন পূরণ করা হবে বলেও জানান তিনি।
তিনি বলেন, '২০০৮ সালের নির্বাচনের পর থেকে এখন পর্যন্ত বাংলাদেশে শান্তিপূর্ণ গণতান্ত্রিক পরিবেশ বিরাজমান বলেই আজকে উন্নয়ন করতে সক্ষম হয়েছি। আজকে যে উন্নয়ন হয়েছে, তা একমাত্র ২০০৮ এর নির্বাচনে জয়ী হওয়ার ফল।'
এ উন্নয়ন অব্যাহত থাকবে জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'দেশের মানুষের আর্থ সামাজিক ক্ষেত্রে পরিবর্তন হয়েছে। মানুষ এখন আর ভিক্ষা করে চলবে না, নিজের আয়ে চলবে। দীর্ঘ সময়ে শান্তিপূর্ণ পরিবেশ ছিল বলেই এই উন্নয়ন সম্ভব হয়েছে।'
স্থিতিশীল পরিবেশ দেশকে অনেক উপরে নিয়ে যায়- যার প্রমাণ বর্তমান বাংলাদেশ, বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা।

## বাংলাদেশ সংঘাত চায় না

রাখতে হবে।' প্রধানমন্ত্রী আলোচনার মাধ্যমে সব বিরোধ নিস্পত্তির ওপর গুরুত্বারোপ করেন। বাংলাদেশ যে কাজটি ভারত ও মিয়ানমারের সঙ্গে করেছে।
তিনি বলেন, 'এখন কেন এই অস্ত্র প্রতিযোগিতা (চলছে), অস্ত্র প্রতিযোগিতার জন্য যে অর্থ ব্যবহার করা হচ্ছে তা ক্ষুধার্ত শিশু ও মানুষের জন্য ব্যবহার করা হবে না কেন? এই অস্ত্র প্রতিযোগিতার জন্য হাজার হাজার শিশু ও নারী বিশ্বজুড়ে অমানবিক জীবনযাপন করছে।'
এ প্রসঙ্গে শেখ হাসিনা উল্লেখ করেন যে, বাংলাদেশ ১০ লাখের বেশি জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমারের নাগরিক রোহিঙ্গাদের আশ্রয় দিয়েছে, যারা নিপীড়নের মুখোমুখি হয়েছিল যা তাকে ১৯৭১ সালের পরিস্থিতি স্মরণ করিয়ে দেয়।
তিনি বলেন, 'আমরা চাই পৃথিবীতে শান্তি ফিরে আসুক, (পৃথিবীতে) কোন ধরনের অশান্তি থাকবে না।'
প্রধানমন্ত্রী বলেন, যারা দেশের স্বাধীনতা চায়নি তারা জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে হত্যা করেছে। 'প্রতি মুহূর্তে আমাদের তাদের (স্বাধীনতা বিরোধীদের) বাধা অতিক্রম করতে হচ্ছে।'
জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি শ্রদ্ধা জানিয়ে প্রধানমন্ত্রী বলেন, বঙ্গবন্ধু শান্তি পুরস্কার পেয়েছিলেন, সারাজীবন শান্তির বাণী প্রচার করেছেন, কিন্তু তাকে জীবন উৎসর্গ করতে হয়েছে।
'আমাদের কী দুর্ভাগ্য, যে মানুষটি সারাজীবন শান্তির কথা বলেছেন তাঁকে তার জীবন দিতে হয়েছিল'- একথা উল্লেখ করে তিনি আরও বলেন, 'আজ তিনি আর আমাদের মধ্যে নেই, তবে আমরা চাই যে তাঁর দেশ উন্নত এবং সমৃদ্ধ হিসাবে গড়ে উঠুক।'

## পুলিশকে আরও জনবান্ধব হওয়ার

পুলিশকে জনগণের বন্ধু হিসেবে কাজ করতে হবে। জনস্বার্থে বিভিন্ন মামলার নিস্পত্তিতে যথাসম্ভব তাড়াতাড়ি তদন্ত প্রতিবেদন দাখিলেরও নির্দেশ দেন তিনি।
রাষ্ট্রপ্রধান বলেন, 'তথ্যপ্রযুক্তির বিকাশের ফলে সাইবার ক্রাইম বৃদ্ধি পাচ্ছে। সাইবার ক্রাইম মোকাবেলায় পুলিশের প্রতিটি সদস্যকে প্রযুক্তি জ্ঞানে প্রশিক্ষিত করে গড়ে তুলতে হবে।'
রাষ্ট্রপতি সাহাবুদ্দিন সন্ত্রাস ও জঙ্গিবাদ দমনে পুলিশের ভূমিকার প্রশংসা করে ভবিষ্যতেও এই তৎপরতা অব্যাহত রাখার পরামর্শ দেন।
পুলিশ মহাপরিদর্শক বাংলাদেশ পুলিশের সার্বিক কার্যক্রম সম্পর্কে রাষ্ট্রপতিকে অবহিত করেন।
রাষ্ট্রপতির কার্যালয়ের সচিব সম্পদ বড়ুয়া, সামরিক সচিব মেজর জেনারেল এসএম সালাহউদ্দিন ইসলাম, প্রেস সচিব মো. জয়নাল আবেদীন এবং সচিব (সংযুক্ত) মো. ওয়াহিদুল ইসলাম খান এ সময় উপস্থিত ছিলেন।

## নিজের রাজনৈতিক উত্তরসূরীর

মামলা দায়ের করা হয়েছে। গত বছর ক্ষমতাচ্যুত হওয়ার পর থেকে রীতিমতো যুদ্ধ করে চলেছেন ইমরান খান। একের পর এক মামলায় ফেসে যাচ্ছেন তিনি। এরমধ্যে গত ৯ই মে আল-কাদির ট্রাস্ট মামলায় ন্যাশনাল অ্যাকাউন্টেবিলিটি ব্যুরো (এনএবি) তাকে গ্রেপ্তার করেছিল। ওই ঘটনার মধ্য দিয়ে পাকিস্তানে ইমরান খানের রাজনীতির সুযোগ একেবারেই পাল্টে গেছে। চার দিনের মাথায় খান মুক্তি পেলেও তার সমর্থকরা দেশব্যাপী যে সহিংসতা করেছে সেই দায় এখন তাকে নিতে হচ্ছে। আর এতে হুমকিতে পড়েছে তার রাজনৈতিক ক্যারিয়ারও। সামরিক স্থাপনাকে টার্গেট করে পিটিআই সমর্থকদের তাণ্ডবের পর নিরপেক্ষতা ভেঙে প্রকাশ্যে ইমরানের বিরোধিতা করতে শুরু করেছে পাক সেনা বাহিনী।
পিটিআই সমর্থকদের সর্বোচ্চ শাস্তি নিশ্চিত করতে সামরিক আদালতে বিচারের সিদ্ধান্ত হয়েছে। এমন পরিস্থিতিতে ইমরান খান আশঙ্কা করছেন, তাকেও হয়ত আর রাজনীতি করতে দেয়া হবে না। চারদিক থেকে তাকে চেপে ধরা হচ্ছে।
এদিকে পিটিআই নেতাদের গণহারে দল ত্যাগ নিয়ে ইমরান খান বলেন, পরিস্থিতি খুব দ্রুত পাল্টে যাবে। আমি শিগগিরই বড় সারপ্রাইজ দিতে যাচ্ছি। তিনি দাবি করেন, কিছু দলীয় নেতা চাপের মুখে দল ছাড়তে বাধ্য হয়েছেন। আবার কিছু আছেন যাদের মুখোশ খুলে গিয়েছিল। এরপরেও আগামী নির্বাচনে পিটিআই জিতবে বলে আত্মবিশ্বাস প্রকাশ করেন খান। তিনি বলেন, আমাকে গ্রেপ্তার, অযোগ্য ঘোষণা এবং সর্বশেষ হত্যার পরিকল্পনা চলছে।
তিনি তার দলের কর্মীদের সামরিক স্থাপনায় হামলার নির্দেশ দিয়েছেন এমন অভিযোগের জবাবে পিটিআই প্রধান এই দাবি প্রত্যাখ্যান করে বলেছেন যে, তিনি কখনো সহিংসতা ও ভাঙচুরের নির্দেশ দেননি। তিনি আরও বলেন, সেনাবাহিনীর সাথে তার কোন বিরোধ নেই। তার ভাষায়, সেনাবাহিনীর সাথে কোন লড়াই নেই, এই সেনাবাহিনী আমার। প্রাক্তন প্রধানমন্ত্রী দেশের অর্থনীতিকে ধ্বংস করার জন্য জোট সরকারকে দায়ী করেন। পাশাপাশি নির্বাচন ছাড়া রাজনৈতিক সংকটের কোনো সমাধান হবে না বলে তার দাবি পুনর্ব্যক্ত করেন ইমরান খান।

## নির্বাচনে যেতে বিএনপির

পারে এবং সেই নির্বাচনে বিএনপি অংশগ্রহণ করবে বলে ধারণা করা হচ্ছে। তবে বিএনপি দাবিগুলোর মধ্যে সবচেয়ে প্রধান দাবিটি গ্রহণযোগ্য নয় বলে মনে করছে আওয়ামী লীগ। বিএনপির ১০ দফা দাবির মধ্যে রয়েছে;
১. বর্তমান প্রধানমন্ত্রীর বদলে এমন কোন ব্যক্তিকে প্রধানমন্ত্রী করতে হবে যিনি জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণ করতে পারবেন না। সংবিধান কাঠামের মধ্যে এরকম কাউকে নির্বাচনকালীন সময়ের জন্য প্রধানমন্ত্রী করা যেতে পারে।
২. নিরপেক্ষ উপদেষ্টামন্ডলী থাকবে যারা প্রধানমন্ত্রীকে নির্বাচনকালীন সময়ে পরামর্শ দিবেন এবং এই পরামর্শকদের পরামর্শেই নির্বাচনকালীন সরকার পরিচালিত হবে।
৩. প্রশাসনের পুনর্বিন্যাস করতে হবে এবং উপদেষ্টামন্ডলীর সুপারিশ অনুযায়ী প্রশাসনকে ঢেলে সাজাতে হবে।
৪. আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে আবার পুনর্বিন্যাস করতে হবে, ঢেলে সাজাতে হবে এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী নির্বাচনে নিরপেক্ষ ভূমিকা পালন করবে।
৫. বর্তমান নির্বাচন কমিশনকে বাদ দিয়ে একটি নতুন নির্বাচন কমিশন গঠন করতে হবে এবং রাজনৈতিক দলগুলো আলাপ-আলোচনার মাধ্যমে এই কমিশন গঠন করবে।
৬. নির্বাচনে সেনাবাহিনী মোতায়ন করতে হবে এবং তাদেরকে ম্যাজিস্ট্রেসি ক্ষমতা দিতে হবে।
৭. নির্বাচনে পর্যাপ্তসংখ্যক নির্বাচন পর্যবেক্ষকের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
৮. নির্বাচনের আগে জাতীয় সংসদ বিলুপ্ত করতে হবে।
৯. নির্বাচনে লেভেল প্লেয়িং ফিল্ড করার স্বার্থে বিএনপির যে সমস্ত নেতাকর্মীদের বিরুদ্ধে মামলা হয়রানি ইত্যাদি রয়েছে সেগুলো প্রত্যাহার করতে হবে।
১০. বেগম খালেদা জিয়াকে উন্নত চিকিৎসার জন্য বিদেশ যাওয়ার অনুমতি দিতে হবে দিতে। এছাড়া আওয়ামী লীগের সভাপতি নির্বাচনের সময় যে সুযোগ সুবিধা পাবেন বিএনপি প্রধানও একই রকম সুযোগ-সুবিধা ভোগ করবেন।
এই দশটি প্রস্তাবকে আওয়ামী লীগ অবাস্তব বলেছে। আওয়ামী লীগের কোনো কোনো নেতা বলেছেন যে এটির সাথে তত্ত্বাবধায়ক সরকারের দাবির কোনো পার্থক্য নেই, এটি গ্রহণযোগ্য নয়। তবে কূটনীতিকরা বলছেন, এটি বিএনপির পক্ষ থেকে একটি প্রস্তাব। এই প্রস্তাবের সবটুকু যে গ্রহণ করা হবে এমনটি নয়। তবে বিএনপি নির্বাচনে এলে আলাপ-আলোচনার মাধ্যমে দুই পক্ষের জন্য একটা সম্মানজনক সমাধান খুঁজে বের করা হবে।

## নির্বাচনের রাজনীতিতে

ঐক্যবদ্ধ হয়ে নির্বাচন করতে চাইছে এবং তার অন্যতম উদ্যোক্তা ইসলামী আন্দোলন এবং হাতপাখা। যারা এই পর্যন্ত অন্তত ১৫ টি ইসলামী রাজনৈতিক দলের সঙ্গে কথা বলেছে। তাদেরকে এক ছাতার নিচে নিয়ে এসে ঐক্যবদ্ধভাবে নির্বাচন করার বিষয়টি বিবেচনা করছে।
বিভিন্ন সূত্রগুলো বলছে যে সাম্প্রতিক সময়ে বাংলাদেশের সব জেলাতেই ইসলামী আন্দোলন এর সংগঠন বিস্তৃত করা হয়েছে এবং সংগঠনকে শক্তিশালী করার একটি প্রতিযোগিতা দেখা যাচ্ছে। এই দক্ষিণপন্থী মৌলবাদী রাজনৈতিক দলটির কর্মীরাই আবার তারাই নির্বাচন কেন্দ্রগুলো পাহারা দিচ্ছে বিভিন্ন ভোটে। যার ফলে বিভিন্ন রাজনৈতিক দলের ভরাডুবি হলেও ভোট সংখ্যা কমে গেলেও হাতপাখা প্রতীক নিয়ে ইসলামী আন্দোলন নির্বাচনে একটা নির্দিষ্ট সংখ্যক ভোট পেয়ে যাচ্ছে।
গত বছরের ২০টি নির্বাচন পর্যালোচনা করে দেখা যায় এর মধ্যে ১১টি নির্বাচনেই হাতপাখা প্রতীক নিয়ে ইসলামী আন্দোলন জাতীয় পার্টিকে পিছনে ফেলে দিয়েছে। তাহলে আগামী নির্বাচনে কি ইসলামী আন্দোলন নতুন শক্তি হিসেবে আবির্ভূত হতে যাচ্ছে? এর সঙ্গে যদি আবার অন্যান্য ইসলামী দলগুলো যুক্ত হয় তাহলে সেটি একটি বড় শক্তি হিসেবে কাজ করবে। কোনো কোনো রাজনৈতিক বিশ্লেষকরা মনে করছেন ইসলামী আন্দোলনকে সরকারই পৃষ্ঠপোষকতা দিচ্ছে। শেষ পর্যন্ত যদি আগামী নির্বাচনে বিএনপি অংশগ্রহণ না করে তাহলে বিভিন্ন রাজনৈতিক দল নির্বাচন করবে এবং সেই নির্বাচনকে প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ অবাধ সুষ্ঠু নিরপেক্ষ করা হবে। আর তাতে ইসলামী আন্দোলনের মতো রাজনৈতিক দলগুলো গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারে।

## সাক্ষী হাজির করতে না পারায়

কর্মকর্তা লায়লা জাকারিয়া এবং প্রাইম ব্যাংকের সাবেক কর্মকর্তা হুমায়ুন কবির, আবদুল্লাহ আল হাসান এবং শেখ আশরাফুল ইসলামকে তাদের ঠিকানায় পাওয়া যায়নি বলে ইতোমধ্যে পুলিশ দুটি পৃথক আবেদনে জানিয়েছে। এর আগে মামলার অভিযোগকারীসহ তিন জন সাক্ষী আদালতে জবানবন্দি দিয়েছেন। ২০০৭ সালের ২৬ সেপ্টেম্বর তারেক রহমান ও তার স্ত্রী ডা. জোবায়দা রহমান ও শাশুড়ি সৈয়দা ইকবাল মান্দ বানুর বিরুদ্ধে কাফরুল থানায় এ মামলা করে দুদক।
মামলায় তারেক-জোবায়দার বিরুদ্ধে ঘোষিত আয়ের বাইরে চার কোটি ৮১ লাখ ৫৩ হাজার ৫৬১ টাকার মালিক হওয়া, সম্পদের তথ্য গোপন ও মিথ্যা তথ্য দেওয়ার অভিযোগ আনা হয়।
পরে ওই বছর তারেক রহমান ও জোবাইদা রহমান মামলার বৈধতা চ্যালেঞ্জ করে আলাদা রিট আবেদন করেন। এর মধ্যে ২০০৮ সালের ৩১ মার্চ এ মামলায় অভিযোগপত্র দেয় দুদক।
২০২২ সালের ১ নভেম্বর আদালত তারেক রহমান ও জোবায়দা রহমানের বিরুদ্ধে আনা অভিযোগপত্র আমলে নিয়ে তাদের বিরুদ্ধে গ্রেপ্তারি পরোয়ানা জারি করেন। এরপর গত ১৯ জানুয়ারি তাদের হাজির হতে পত্রিকায় বিজ্ঞপ্তির নির্দেশ দেন।

দৈনিক এই আমার দেশ
Daily Eai Amar Desh | e-paper.eaiamardesh.com | www.eaiamardesh.com





# মেহেরপুরে ইউনিয়ন পর্যায়ে স্মৃতি সৌধ নির্মিত হলো

**মেহেরপুর প্রতিনিধি:** শত শহীদের আত্মত্যাগের মহিমায় উজ্জ্বল হয়ে আছে মেহেরপুরের ভৈরব নদীর পশ্চিম পাড়ের গ্রামগুলির ইতিহাস। ১৯৭১ সালের ৭ সেপ্টেম্বর দক্ষিণ শালিকা বেলো-খাল মাঠে পাকিস্তানি হানাদারবাহিনীর সঙ্গে সম্মুখ যুদ্ধে শহীদ হন বীর মুক্তিযোদ্ধা জাফর আলি শেখ (পিরোজপুর, মেহেরপুর সদর)। তাঁর স্মৃতি রক্ষার্থে দক্ষিণ শালিকা মাঠে গ্রামবাসীর সহযোগিতায় মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের অর্থায়নে নির্মিত হয়েছে মুক্তিযুদ্ধ স্মৃতিসৌধ। সদ্যনির্মিত স্মৃতিসৌধে এলাকার শিক্ষক, সংস্কৃতিকর্মী, বিশিষ্ট জন এবং ছাত্র-জনতার সঙ্গে গতকাল বিকাল ৫ টায় পুষ্পাঞ্জলি নিবেদন করা হয়। সাহিত্যিক শিক্ষক আবদুল্লাহ আল আমিন ধুমকেতু সহ অনেক গুণী ব্যাক্তিবর্গ সেখানে শ্রদ্ধা জানান। তারা বলেন- অবজ্ঞাত ও অজ্ঞাত বীরের স্মৃতিতে শ্রদ্ধার্ঘ্য নিবেদন করতে পেরে এক অতুলনীয় গৌরব ও গর্ব অনুভব করছি।

# এক যুগেও চালু হয়নি মেহেরপুর নতুন বাস টার্মিনাল

**মেহেরপুর ঃ** যাত্রী সেবার নতুন মাত্রা যোগে মেহেরপুরে নতুন বাস টার্মিনাল নির্মাণ করা হলেও এক যুগ ধরে সেটি চালু হয়নি। নিরাপত্তার অজুহাতে কেউ টার্মিনালে অবস্থান না করায় বাস ও ট্রাকের গুরুত্বপুর্ণ যন্ত্রাংশ চুরি হওয়ায় কেউ বাস রাখতেও চান না। ফলে টার্মিনালটি এখন মাদক সেবীসহ অপরাধিদের স্বর্গরাজ্যে পরিনত হয়েছে। তবে নতুন অর্ধবছরে বরাদ্দ পাওয়া গেলে নতুন বাস টার্মিনালটি চালু করা হবে বলে জানান পৌর মেয়র।



মেহেরপুর শহরের প্রাণকেন্দ্রে অস্থায়ী বাস টার্মিনাল থাকায় শহরে যানজট ছিল নিত্য দিনের। শহরে যানজট নিরসন ও যাত্রিসেবার আধুনিকায়নে ২০১০ সালে শহরের উপকণ্ঠে মেহেরপুর-চুয়াডাঙ্গা সড়কে প্রায় সাড়ে আট একর জমির উপর ইউজিআই প্রকল্পের আওতায় বাস টার্মিনাল নির্মাণ কাজ শুরু করে মেহেরপুর পৌরসভা। এক কোটি ১৪ লাখ টাকা ব্যয়ে নির্মিত এ টার্মিনালটিতে টিকিট কাউন্টার, যাত্রিদের বিশ্রামাগার, রেস্টুরেন্ট ও নিরাপত্তার জন্য পুলিশ বক্স। এ প্রকল্পে মাটি ভরাট করতে ৪৭ লাখ টাকা এবং ২৫ লাখ টাকা ব্যয় টার্মিনাল ভবন নির্মাণ করা হয়। পৌরসভার নিজস্ব তহবিল থেকে ২৬ লাখ ৬৬ হাজার টাকা ব্যয়ে সম্মুখভাগের সীমানা প্রাচীর এবং পুলিশ বক্স ও রেস্টুরেন্ট নির্মাণে খরচ হয় ১৫ লক্ষ ৪২ হাজার টাকা। বাসচালক আশরাফুল ইসলাম কালুসহ অনেকেই জানান, কোটি টাকা ব্যয়ে টার্মিনালটি নির্মিত হলেও নিরাপত্তা বেষ্টনি না থাকা ও নিরাপত্তার অজুহাতে বাসের চালক ও হেলপার সেখানে অবস্থান করতে চান না। ফলে রাতের আঁধারে বাসের গুরুত্বপুর্ণ যন্ত্রাংশ চুরি হয়ে যায়। একসময় যানবাহন রাখার কাজটিও বন্ধ হয়ে যায়। চালক ইয়াদুল ইসলাম ভাদু জানান, অন্ধকার ভুতুড়ে পরিবেশ বিরাজ করায় টার্মিনালটি মাদক সেবী ও অপরাধিদের স্বর্গরাজ্যে পরিনত হয়েছে। তাছাড়াও দীর্ঘদিন মেরামত না করায় ভবনটির বিভিন্ন অংশে ফাটল দেখা দিয়েছে। অজুখানা ও টয়লেট বিনষ্টের পথে। সীমানা প্রাচীরের ইট গায়েব হচ্ছে দিন দিন।

মেহেরপুর ট্রাফিক পরিদর্শক (টিআই) বি এম ফেরদৌস হাসান জানান, রাস্তার উপর গাড়ি রাখায় অনেক সময় দূর্ঘটনা ঘটছে। অনেকেই হচ্ছেন পঙ্গু। এ নিয়ে জেলা প্রশাসক ও পুলিশ সুপার পর্যায়ে দফায় দফায় বৈঠক হলেও কোন সমাধান হয়নি। ফলে দুর্ঘটনা বেড়েই চলেছে।

জেলা বাস মালিক সমিতির সাধারণ সম্পাদক আলহাজ্ব গোলাম রসুল জানান, সীমানা প্রাচীর না থাকায় যানবাহনের তেলসহ বিভিন্ন যন্ত্রাংশ চুরি হয়ে যায়। এ নিয়ে প্রশাসনের উচ্চ পর্যায়ে কয়েকবার বৈঠক করা হলেও কোন সমাধান হয়নি।

মেহেরপুর পৌরমেয়র মাহফুজুর রহমান রিটন জানান, যে লক্ষ্যে বাস টার্মিনালটি নির্মান করা হয়েছিল সেটি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। একটি কুচক্রি মহল পুরাতন বাস টার্মিনালের জমিটি নিজের বলে দাবী করে স্থাপনা নির্মাণ করেছে। তাছাড়া নতুন টার্মিনালের প্রাচির না থাকায় অনেকেই সেখানে থাকতে চান না। প্রাচির ও অন্যান্য স্থাপনা নির্মান করতে অনেক টাকা লাগবে। আগামী অর্থবছরে বরাদ্দ পাওয়া গেলে টার্মিনালটি সংস্কার করে নতুনভাবে চালু করা হবে।

# ঝিনাইদহের দোগাছি ইউনিয়নের উন্মুক্ত বাজেট ঘোষনা




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহ সদর উপজেলার দোগাছি ইউনিয়নের ২০২৩-২৪ অর্থ বছরে নতুন কর আরোপ ছাড়াই ৭৫ লাখ ৪৫ হাজার ৭'শ ৬৬ টাকার উন্মুক্ত বাজেট ঘোষণা করা হয়েছে। রোববার দুপুরে ইউনিয়ন পরিষদ মিলনায়তনে ইউপি চেয়ারম্যান গোলাম কিবরিয়া কাজল এ বাজেট ঘোষণা করেন। উন্মুক্ত বাজেট ঘোষণা অনুষ্ঠানে ইউপি সচিব রোকসানা বুলবুলি, ইউপি সদস্য মোফাজ্জেল হোসেন, কলামনখালী মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক অরবিন্দ কুমার, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক একে এম হাফিজুল্লাহ আজাদ, ইউনিয়নের হিসাব সহকারী সুমন কুমার দেবনাথ, সাবেক ইউপি সদস্য মতিয়ার রহমান, আব্দুল মজিদ বিশ্বাস, ইউনিয়ন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মিঠু জোয়ার্দ্দার, ইউনিয়ন যুবলীগের সহ-সভাপতি ইবনে মিলনসহ নানা শ্রেণী পেশার মানুষ উপস্থিত ছিলেন। বাজেট সভা শেষে নতুন অর্থবছরের বাজেট ঘোষনা করেন ইউপি চেয়ারম্যান।




# গাংনীতে ভূমি সেবা সপ্তাহ পালিত

**গাংনী প্রতিনিধি:** মেহেরপুরের গাংনীতে ভূমি সেবা সপ্তাহ পালিত হয়েছে। রবিবার বিকেলে এ উপলক্ষে গাংনী উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। সেই সাথে ভূমি সংক্রান্ত বিষয়ে মাল্টিমিডিয়ার মাধ্যমে উপস্থাপনা করা হয়। উপজেলা প্রশাসন এর আয়োজন করে। আয়োজনে সভাপতিত্ব করেন উপজেলা নির্বাহী অফিসার সাজিয়া সিদ্দিকা সেতু। প্রধান অতিথি হিসাবে বক্তব্য রাখেন মেহেরপুর-২ (গাংনী) আসনের জাতীয় সংসদ সদস্য মোহাম্মদ সাহিদুজ্জামান খোকন। বিশেষ অতিথি হিসাবে বক্তব্য রাখেন বিশিষ্ট শিক্ষাবিদ ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব সিরাজুল ইসলাম, উপজেলা মুক্তিযোদ্ধা কমান্ডের সাবেক কমান্ডার মুনতাজ আলী, মেহেরপুর জেলা জাতীয় পার্টি (জাপা) এর সভাপতি আব্দুল হালিম। এসময় বক্তব্য রাখেন বিশিষ্ট আওয়ামী লীগ নেতা মনিরুজ্জামান আতু,দলিল লেখক মোকাদ্দেস আলী প্রমুখ। আয়োজনের শুরুতে ভূমি সংক্রান্ত তথ্য-উপাত্ত নিয়ে বিস্তারিত আলাচেনা করেন উপজেলা সহকারি কমিশনার (ভূমি) নাদির হোসেন শামীম। এসময় উপস্থিত ছিলেন বিভিন্ন শ্রেণীপেশার মানুষ।

# মহেশপুরের নাটিমা ইউনিয়ন পরিষদের ১ কোটি ৭৭ লাখ টাকার বাজেট ঘোষনা




**নিজস্ব প্রতিবেদক :** ঝিনাইদহের মহেশপুর উপজেলার নাটিমা ইউনিয়ন পরিষদের ২০২৩-২০২৪ সালের অর্থ বছরের জন্য ১ কোটি ৭৭ লাখ ২৮ হাজার ৮৪২ টাকার বাজেট ঘোষনা করা হয়েছে। রোববার দুপুরে পরিষদ চত্তরে বাজেট ঘোষনা করেন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক আবুল কাশেম মাষ্টার।ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান আবুল কাশেম মাষ্টারের সভাপতিত্বে ও ইউনিয়ন পরিষদের সচিব আনোয়ার হোসেনের সঞ্চালনায় অনুষ্ঠিত বাজেট ঘোষনা অনুষ্ঠানে বক্তব্য রাখেন ইউনিয়ন পরিষদের সদস্য রবিউল ইসলাম, মিলন সরকার,জাহিদ হাসান,জাকির হোসেন,জহুরুল ইসলাম,সোহেল হোসেল রানা,রাজু আহাম্মেদ,আশরাফুল আলম,আব্দুল আজিজ,বেদানা বিবি,মালমা বেগম,রোমানা আক্তার প্রমুখ।

ইউনিয়ন পরিষদ চত্তরের বাজেট অধিবেশেনে ইউনিয়নের সকল বীর মুক্তিযোদ্ধা,ইউনিয়ন ও ওয়ার্ড আওয়ামীলীগের নেতৃ বৃন্দসহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।

# মঙ্গোলিয়ার বিপক্ষে খেলবেন সাবিনারা

**স্পোর্টস ডেস্ক :** এশিয়ান গেমস ফুটবলে যাওয়ার আগে বাংলাদেশের নারী ফুটবল দল দুটি প্রীতি ম্যাচ খেলবে। আগামী জুলাইয়ে মঙ্গোলিয়ার বিপক্ষে দুটি ম্যাচ হবে বলে জানিয়েছেন বাফুফের মহিলা ফুটবল কমিটির চেয়ারম্যান মাহফুজা আক্তার কিরণ। সাফ চ্যাম্পিয়নশিপ থেকে আসার পর জাতীয় নারী ফুটবলের সিনিয়র দলের কোনো খেলা ছিল না। কিরণ জানান, চাইলে তো খেলা আয়োজন করা যায় না। একটা দেশের সঙ্গে খেলতে হলে অনেক ধাপ পেরোতে হয়। যখন-তখন মাঠে নামানো যায় না। এশিয়ান গেমস ফুটবল রয়েছে সেখানে মঙ্গোলিয়ার বিপক্ষে খেলব এটা নিশ্চিত হয়েছে।'

অন্য এক প্রশ্নে কিরণ বলেন, 'সিঙ্গাপুরের বিপক্ষে খেলা হওয়ার কথা জানিয়ে তারাই সরে গিয়েছিল। এত আমাদের কোনো কিছু করার ছিল না। এখন মঙ্গোলিয়া বলছে খেলবে। দুই মাস বাকি ম্যাচ হতে। দুই দিন পর যদি মঙ্গোলিয়া খেলতে না চায় আমরা কি করতে পারি।'



ঝিনাইদহে সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি ও সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান ও **বীর মুক্তিযোদ্ধা** এ্যাড: মো: আব্দুর রশীদ **মরমী কবি পাগলা কানাই সমাধিস্থলে দেবদারু গাছ লাগানোর উদ্ধোধন করেন। রোববার ঝিনাইদহ সদর উপজেলার পাগলাকানাই ইউনিয়নের কেড়বাড়ী গ্রামের পাগলাকানাই সমাধিস্থলে এ গাছ লাগান**। এসময় তার সাথে কৃষকলীগের ও আওয়ামী লীগের স্থানীয় নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।



# হঠাৎ করেই চুয়াডাঙ্গার আকাশে ঘন কুয়াশা

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** সারাদেশে যখন জ্যৈষ্ঠের তাপপ্রবাহ বয়ে চলেছে তখন হঠাৎ করেই চুয়াডাঙ্গার আকাশে দেখা দিয়েছে ঘন কুয়াশা। শনিবার সন্ধ্যার পর এবং রবিবার ভোর থেকে সকাল ৯টা পর্যন্ত এ কুয়াশা দেখা যায়। এটা অস্বাভাবিক আবহাওয়া এবং বাতাসে জলীয়বাষ্প বৃদ্ধির কারণে এমনটা হয়েছে বলে আবহাওয়া পর্যবেক্ষকরা মনে করছেন।

চুয়াডাঙ্গা আবহাওয়া অফিসের জ্যেষ্ঠ পর্যবেক্ষক রকিবুল হাসান বলেন, হঠাৎ করেই শনিবার সন্ধ্যার পর চুয়াডাঙ্গার আকাশে কুয়াশা দেখা দেয়। রবিবার সকালেও একই অবস্থা বিরাজ করে। ঘন কুয়াশার কারণে ফোটা ফোটা পানির কণাও পড়তে দেখা যায়।

তিনি বলেন, 'গত কয়েকদিন চুয়াডাঙ্গা এলাকায় বৃষ্টি হচ্ছে। এরফলে বাতাসে জলীয়বাষ্পের পরিমাণ বৃদ্ধি পেয়েছে। জলবায়ু পরিবর্তনের কারণে এই জলীয়বাষ্প ঊর্ধ্ব আকাশে না গিয়ে নিচের স্তরে ঘনীভূত হয়ে কুয়াশার সৃষ্টি হয়েছে। এটা অস্বাভাবিক আবহাওয়া। কুয়াশা সাধারণত শীতের সময় হয় কিন্তু জলবায়ু পরিবর্তনের ফলে এটা গ্রীষ্মকালে দেখা যাচ্ছে।'

আবহাওয়া অফিস সূত্রে জানা গেছে, রবিবার সকাল ৯টায় চুয়াডাঙ্গা সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৩ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস। এসময় বাতাসের আর্দ্রতা ছিলো ৮৯ শতাংশ।

# জীবননগরে দূর্ঘটনায় বাইকেল চালক নিহত

**চুয়াডাঙ্গা প্রতিনিধি :** চুয়াডাঙ্গার জীবননগরে মোটরসাইকেল ও বাইসাইকেলের মুখোমুখি সংঘর্ষে বাইসাইকেল চালক আলাউদ্দিন মন্ডল (৫৫) নিহত হয়েছে। রবিবার সকাল ৯টার দিকে জীবননগর পৌর এলাকার লক্ষীপুর ব্রিজের কাছে এ দূর্ঘটনা ঘটে। নিহত আলাউদ্দিন মন্ডল উপজেলার আলীপুর গ্রামের মৃত আফসার আলী ছেলে। তিনি পেশায় কৃষক ছিলেন।

প্রত্যক্ষদর্শীরা জানায়, আলাউদ্দীন মণ্ডল বাইসাইকেলে করে জীবননগর বাজারে যাচ্ছিলেন। পথে লক্ষীপুর ব্রিজের কাছে পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি মোটরসাইকেল বাইসাইকেলটিকে ধাক্কা দেয়। এতে উভয়ই রাস্তার ওপর ছিটকে পড়ে গুরুতর আঘাত পান। স্থানীয়রা তাদের উদ্ধার করে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিলে জরুরি বিভাগের চিকিৎসক আলাউদ্দীন মণ্ডলকে মৃত ঘোষণা করেন।

জীবননগর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) নাসির উদ্দীন মৃধা বলেন, খবর পেয়ে থানা পুলিশ ঘটনাস্থল পরিদর্শন করেছে। এ বিষয়ে অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

## হারিয়েছে

আমি তারেক আজিজ, পিতা-আব্দুল কুদ্দুস, মাতা, ফাতেমা খাতুন, গ্রাম-ত্রিপুরাকান্দি, থানা-শৈলকুপা, জেলা-ঝিনাইদহ। আমার এইচএসসি'র নম্বরপত্র, সার্টিফিকেট ও এসএসসি'র নম্বরপত্র হারিয়েছে। এসএসসি'র রেজি নং-১৪১৩৪২৬৪৪৪, মার্কশিট নং-৫৩৩১৫৩৮, শিক্ষাবর্ষ-২০১৫-১৬, বিভাগ-বাণিজ্য, শিক্ষাবোর্ড-যশোর, এইচএসসি'র রোল নং-৭১২৮৪৭, রেজি নং-২৪০০২১৯৬৬৯, শিক্ষাবর্ষ-২০১৮-১৯, শাখা-ব্যবসায়ী ব্যবস্থাপনা, শিক্ষাবোর্ড-বাংলাদেশ কারিগরি শিক্ষাবোর্ড, ঢাকা। শৈলকুপা থানায় পৃথক সাধারণ ডায়েরী নং-১৪০২, ১৪০৩ ও ১৪০৪। তারিখ-২৭/০৩/২০২৩ ইং।
তারেক আজিজ

## বিনোদন

# সালমানকে বিয়ের প্রস্তাব দিলেন হলিউড সাংবাদিক

**বিনোদন ডেস্ক :** সরাসরি বলিউড তারকা সালমান খানকে সামনে পেয়ে বিয়ের প্রস্তাব দিলেন হলিউডের সুন্দরি এক সাংবাদিক। কিন্তু সালমান তাকে পাল্টা প্রশ্ন করেন আপনি কি শাহরুখের খানের কথা বলছেন, তখন ওই সাংবাদিক বললেন না, আমি আপনাকেই বলছি। করবেন আমায় বিয়ে... তাদের দুজনের এই কথাগুলো ইতোমধ্যে ভাইরাল হয়েছে সামাজিক মাধ্যমে। সালমান খান শুধু বলিউইড নয়, গোটা ভারতের মোস্ট ভ্যালুয়েবল ব্যাচেলর। বহুবার তার বিয়ের গুঞ্জন ছড়িয়েছে। সময়ের সঙ্গে সঙ্গে সেই গুঞ্জন হাওয়ায় মিলিয়ে গেছে। মধ্যপ্রাচ্যের দেশ আবুধাবিতে আইফা রকসে গিয়ে ফের বিয়ের প্রস্তাব পেলেন বলিউডের ভাইজান সালমান খান। তাকে সরাসরি ওই প্রস্তাব দিয়েছিলেন সাংবাদিক ও উপস্থাপিকা অ্যালেনা খালিফে। এর আগেও তিনি আমিরাতে এক মেয়ের এমন প্রস্তাব মুখোমুখি হন। তবে এবার এই প্রস্তাব পেয়ে বলিউডের জনপ্রিয় নায়ক যে উত্তর দিলেন, তা শুনে অনেকেরই চক্ষু চড়কগাছ। আইফার পুরস্কার প্রদান অনুষ্ঠানে সবার সামনেই স্বপ্নের নায়ক সালমানকে উদ্দেশ্য করে হলিউডের সাংবাদিক অ্যালেনা খালিফে বলেন, 'আমি সুদূর হলিউড থেকে এখানে এসেছি শুধু একটা প্রশ্ন করার জন্য। আমি সত্যিই আপনার প্রেমে পড়েছি।' শুনে কিছুটা রসিকতার ছলে ভাইজান ওই সাংবাদিককে পাল্টা প্রশ্ন ছুড়ে দিয়ে বলেন, 'আপনি শাহরুখ খানের কথা বলছেন, ঠিক কি না বলুন?' তার ওই প্রশ্নের জবাবে সাংবাদিক অ্যালেনা বলেন, 'না, আমি আপনার কথাই বলছি সালমান খান। বলুন, আপনি আমায় বিয়ে করবেন?' প্রশ্ন শুনে একটুও ঘাবড়াননি বলিউডের অন্যতম সেরা অভিনেতা। একগাল হেসে বলেন, 'আমার বিয়ের দিন পেরিয়ে গিয়েছে। আপনার উচিত ছিল, আরও ২০ বছর আগে আমার সঙ্গে দেখা করা।' জবাব শুনে আর কথা বাড়াননি অ্যালেনা। ইতোমধ্যেই ভাইজানের সঙ্গে হলিউডের সুন্দরী সাংবাদিকের কথোপকথন নেট মাধ্যমে ভাইরাল হয়েছে।



# ঝলক দেখালেন জয়া আহসান

**বিনোদন ডেস্ক :** আরব আমিরাতের আবুধাবিতে বসছে ২৩তম ইন্টারন্যাশনাল ইন্ডিয়ান ফিল্ম একাডেমি অ্যাওয়ার্ডস (আইফা) আসর। মধ্যপ্রাচ্যের দেশটিতে যেন বসেছিল তারার মেলা। হঠাৎই এই আয়োজনে হাজির বাংলাদেশি অভিনেত্রী জয়া আহসান। আগামী ২ জুন জয়া আহসান অভিনীত 'অর্ধাঙ্গিনী' ভারতের পশ্চিমবঙ্গের প্রেক্ষাগৃহে মুক্তি পাবে। সিনেমার প্রচারে জয়া ছিলেন কলকাতায়। ফটোশুটে অংশ নিয়েছেন, বিভিন্ন সংবাদমাধ্যমে সাক্ষাৎকারও দিয়েছেন। জয়া আহসান গত শনিবার রাতে নিজের ফেসবুকে বেশ কয়েকটি ছবি পোস্ট করেন। ছবিতে দেখা যাচ্ছে আবুধাবিতে আইফার আয়োজনে হাজির হয়েছেন তিনি। আইফায় জয়ার উপস্থিতি ভক্তদের জন্য বড় চমক হয়ে এসেছে। আইফার আয়োজনে উপস্থিতির ছবিগুলোতে ভালোবাসায় ভরিয়ে দিয়েছেন অভিনেত্রীর ভক্ত-অনুরাগীরা। একটি ছবিতে জয়াকে দেখা যাচ্ছে নির্মাতা অনিরুদ্ধ রায় চৌধুরীর সঙ্গে। বাঙালি এই নির্মাতার হাত ধরেই বলিউডে নাম লেখাতে যাচ্ছেন জয়া। অনিরুদ্ধর নতুন সিনেমা 'কড়ক সিং' অভিনয় করছেন তিনি। 'কড়ক সিং'-এ জয়ার সহশিল্পী হিসেবে রয়েছে হিন্দি সিনেমার জনপ্রিয় অভিনেতা পঙ্কজ ত্রিপাঠি, মালয়ালম অভিনেত্রী পার্বতী থিরুভোথু ও বলিউড অভিনেত্রী সানজানা সাঙ্ঘিসহ অনেকে। অন্য এক ছবি দেখে বিস্মিত জয়ার ভক্তরা। তাতে জয়াকে দেখা যাচ্ছে হালের আলোচিত বলিউড অভিনেতা বিজয় ভার্মার সঙ্গে। গত বছর নেটফ্লিক্সের ওয়েব ফিল্ম 'ডারলিংস'-এ আলিয়া ভাটের স্বামীর চরিত্রে অভিনয় করে নজর কেড়েছিলেন বিজয়। চলতি মাসে সোনাক্ষী সিনহার সঙ্গে ওয়েব সিরিজ 'দাহাড়'-এ এক সিরিয়াল কিলারের চরিত্রে অভিনয় করে আবারও আলোচনায়



# ইউরোপীয় ব্র্যান্ডের সঙ্গে যুক্ত হলেন রিয়াজ, অপু ও মৌ

**বিনোদন ডেস্ক :** ইউরোপীয় ব্র্যান্ড জুসেরা ও আন্দালুস বাংলাদেশে যাত্রা করেছে আগেই। স্পেনের বিশেষজ্ঞ কেমিষ্টদের উদ্ভাবিত জুসেরা ও আন্দালুসের পণ্যগুলোর সুনাম ছড়িয়েছে বাংলাদেশে। এবার চিত্রনায়ক রিয়াজ, অপু বিশ্বাস, মৌ খান ও তানহা তাসনিয়া অভিনীত তিনটি আলাদা বিজ্ঞাপন লঞ্চিং অনুষ্ঠানের মাধ্যমে পণ্যটির দেশে আরও ব্যাপকভাবে বিস্তৃতির কথা জানিয়েছে। গত শুক্রবার রাজধানীর গুলশানের এক হোটেল আনুষ্ঠানিক আয়োজনের মধ্য দিয়ে তিনটি বিজ্ঞাপন প্রদর্শন ও লঞ্চিয়ের মাধ্যমে রংপুর কেমিকেল লিঃ (আরসিএল) পণ্যগুলো নতুন করে পরিচয় করিয়ে দেয়া হয়। যেখানে উপস্থিত ছিলেন প্রতিষ্ঠানটির ডেপুটি ম্যানেজিং ডিরেক্টর মনিরা হোসেন, চিত্রনায়ক রিয়াজ ও মৌ খান। ছিলেন বিজ্ঞাপনগুলোর নির্মাতা নাজমুল দিগন্ত। অনুষ্ঠানে চিত্রনায়ক রিয়াজ বলেন, আমি এই জুসেরা ও আন্দালুসের সঙ্গে এর কোলিয়াটি দেখেই যুক্ত হয়েছি। আমি যেহেতু এর বিজ্ঞাপন করেছি তাই আমাকে দেখে অনেকেই এই পণ্য ক্রয়ে উৎসাহিত হবে। তাই এদের সঙ্গে কাজের শুরুতে প্রথমে আমার বাসায় পণ্যগুলো পাঠানো হয় এবং আমি সেগুলো ব্যবহার করি ও কোয়ালিটি ইনশিউর হয়েই বিজ্ঞাপনে যুক্ত হই।

# একসঙ্গে কেন ছবি করছেন না দুই বচ্চন?

**বিনোদন ডেস্ক :** বলিউডের 'শাহেনশাহ' অমিতাভ বচ্চন। তার যোগ্য উত্তরসূরী আরেক বচ্চন অভিষেক। জনপ্রিয়তায় বাবার চেয়ে যোজন যোজন দূরে থাকলেও বলিউডে প্রায় দুই যুগ কাটিয়ে দিয়েছেন জুনিয়র বচ্চন। এই সময়টায় বাপ-বেটা মিলে একসঙ্গে কাজ করেছেন 'বান্টি অউর বাবলি', 'সরকার', 'সরকার রাজ', 'পা'-এর মতো ছবিতে। তবে গত ১৪ বছর ধরে নতুন কোনো সিনেমায় দেখা যাচ্ছে না দুই বচ্চনকে। এ নিয়ে বাপ-বেটার ভক্তদের মনে প্রশ্ন ছিল। অবশেষে মুখ খুললেন অভিষেক। আইফা অ্যাওয়ার্ডে যোগ দিতে বর্তমানে আবুধাবি আছেন তিনি। সেখানেই পিটিআইকে দেওয়া এক সাক্ষাৎকারে বিষয়টি খোলসা করেছেন। অভিষেক জানান, অভিনেতা হিসাবে পরস্পরের সঙ্গে কাজ করাটা তারা এনজয় করেন। তবে একইসঙ্গে কাজ নিয়ে তারা দায়িত্বশীল। তিনি বলেন, 'আমরা দুজনেই একসঙ্গে কাজ করতে ভালোবাসি। দারুণ এনজয় করি।

# যে কারণে পলকে ধন্যবাদ জানান চঞ্চল

**বিনোদন ডেস্ক :** 'হাওয়া' সিনেমাটি 'গত বছর দেশে আলোচনার ঝড় তুলেছিল। এটি ব্যাপক ব্যবসায়িক সফলতা লাভ করেছিল। গভীর সমুদ্রে চিত্রায়িত নির্মাতা মেজবাউর রহমান সুমন পরিচালিত এ সিনেমার 'সাদা সাদা-কালা কালা' তুমুল জনপ্রিয়তা পেয়েছিল। গানের কথা ও সুর সিনেমার জনপ্রিয়তায় নতুন মাত্রা যোগ করেছে। সেই সময়ে দীর্ঘদিন মানুষের মুখে মুখে ও সামাজিক যোগাযোগমাধ্যমে গানটি ছড়িয়ে পড়েছিল। ভারতের কলকাতাতেও ব্যাপক সাড়া ফেলেছিল 'সাদা সাদা-কালা কালা' গানটি। এবার গানটির সুরে বিমোহিত হলেন আফ্রিকান দেশ তানজানিয়ার নাগরিক ও সোশ্যাল মিডিয়ার ভাইরাল কিলি পল। শুধু মুগ্ধ নয়, তিনি কণ্ঠে তুলে নিলেন 'তুমি বন্ধু কালা পাখি/ আমি যেন কি? বসন্ত কালে তোমায় বলতে পারিনি/ সাদা সাদা কালা কালা/ রং জমেছে সাদা কালা' গানটি। এরই একটি ভিডিও রিল আকারে প্রকাশ করেছেন তার সোশ্যাল মিডিয়ার ওয়ালে। ভিডিওটি ইনস্টাগ্রামে পোস্ট করে কিলি পল লেখেন, 'বাংলাদেশ ভাইব। বাংলাদেশি কেউ আছেন?' এর সঙ্গে জুড়ে দিয়েছেন ভালোবাসার ইমো। একই ভিডিও ফেসবুকে পোস্ট করে তিনি লেখেন, 'আমি আমার সর্বোচ্চ চেষ্টা করেছি।' ভিডিওটি চঞ্চল চৌধুরীরও নজরে পড়েছে। অভিনেতা সেটি নিজের ফেসবুকে শেয়ার করে কিলি পলকে ভালোবাসা ও ধন্যবাদ জানিয়েছেন। কিলি পল বলিউড সিনেমার গানে ঠোঁট মেলানো এবং নাচের জন্য সোশ্যাল মিডিয়ায় তুমুল জনপ্রিয়। ইনস্টাগ্রামে ৫০ লাখের বেশি তার অনুসারী রয়েছে। মেজবাউর রহমান সুমনের কাহিনি এবং সংলাপে চলচ্চিত্রটির চিত্রনাট্য লিখেছেন মেজবাউর রহমান সুমন, সুকর্ণ সাহেদ ধীমান এবং জাহিন ফারুক আমিন।



# নিজ বাড়িতেই মিললো অভিনেতার লাশ

**বিনোদন ডেস্ক :** ব্রাজিলে বাড়ির বাগানের মাটির নিচে পুঁতে রাখা অবস্থায় মিলল অভিনেতা জেফ ম্যাচাদোর লাশ। জানুয়ারি মাস থেকে নিখোঁজ ছিলেন ৪৪ বছর বয়সি এ অভিনেতা। গত সোমবার রিওডি জেনিরো থেকে তার লাশ উদ্ধার করা হয়। স্থানীয় সংবাদমাধ্যমগুলো জানিয়েছে, নিজের বাড়ির বাগানেই মাটির নিচে একটি কাঠের বাক্সে জেফ ম্যাচাদোর লাশ পাওয়া যায়। পুলিশ আঙুলের ছাপ থেকে পরিচয় শনাক্ত করে। হাত-পা বাঁধা অবস্থায় পাওয়া যায় ম্যাচাদোকে। তাকে কাঠের বাক্সে ঢুকিয়ে চেইন দিয়ে বেঁধে দেওয়া হয়েছিল। বাড়ির পেছনের দিকের বাগানে ৭ ফুট কবর খুঁড়ে সেই বাক্স ঢুকিয়ে ওপরে সিমেন্ট দিয়ে ঢালাই করে দেওয়া হয়। সামাজিক যোগাযোগমাধ্যমে অভিনেতার মৃত্যুর খবর নিশ্চিত করেছেন তার পারিবারিক আইনজীবী হাইরো মাগালহে। নিজের পোস্টে তিনি অভিনেতার মৃত্যুর জন্য দায়ীদের বিচারও দাবি করেছেন তার আইনজীবী।